নুশিন ইলেকট্রনিক্স

প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
বুধবার
রেজিঃ নং-চ-৫১৩
১১ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৯৯
২৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

নিষিদ্ধ সংগঠনের সন্ত্রাসী তৎপরতা প্রতিরোধে
চাঁদপুরে বিএনপি-জামায়াতের কড়া অবস্থান, রাজপথে পুলিশ

স্টাফ রিপোর্টার

কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ ও অঙ্গসংগঠন ছাত্রলীগের ধর্মঘট এবং সম্ভাব্য নাশকতার তৎপরতা প্রতিহত করতে চাঁদপুর জেলাজুড়ে তীব্র সতর্ক অবস্থান নিয়েছে বিএনপি, জামায়াতে ইসলামীসহ সমমনা রাজনৈতিক দলগুলো। বিশেষ করে মঙ্গলবার সকাল থেকে চাঁদপুর জেলা, উপজেলা ও পৌর বিএনপি এবং অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীদের রাজপথে খণ্ড খণ্ড মিছিল নিয়ে বিভিন্ন পয়েন্টে অবস্থান কর্মসূচি পালন করতে দেখা যায়।

একই সঙ্গে জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে কঠোর নজরদারি ও সতর্ক অবস্থানে রয়েছে পুলিশ।

মঙ্গলবার (১০ নভেম্বর) সকাল থেকেই চাঁদপুর শহরের নতুন বাজার, পুরাণবাজার, শপথ চত্বর, বায়তুল আমিন মসজিদ সংলগ্ন পুলিশ বক্সের সামনে, বাসস্ট্যান্ড ও লঞ্চঘাটসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে বিএনপি এবং এর অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীদের অবস্থান ও মিছিল করতে দেখা যায়। শহরের বাইরে বিভিন্ন ইউনিয়নের গুরুত্বপূর্ণ সড়কেও অবস্থান কর্মসূচি পালন করেন স্থানীয় বিএনপি নেতৃবৃন্দ।


নিষিদ্ধ সংগঠনের সন্ত্রাসী তৎপরতার প্রতিরোধে বিএনপির অবস্থান কর্মসূচি (বামে) এবং জামায়াতের বিক্ষোভ (ডানে)।

সামাজিক যোগাযোগ মাধ্যম সূত্রে জানা যায়, এইদিন ভোরের আলো ফোটার পরপরই শহরে বিএনপির মিছিলের আওয়াজ চারিদিকে ছড়িয়ে পড়ে। সকালে চাঁদপুর সরকারি কলেজে ছাত্রদলের প্রতিবাদ মিছিল বের হয়। এ ছাড়া শহরের শপথ চত্বর এলাকায় জেলা ছাত্রদলের প্রতিরোধ কর্মসূচিতে অংশ নেন জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ইমাম হোসেন গাজি এবং যুগ্ম আহ্বায়ক জিসান আহমেদ। সদর উপজেলা ছাত্রদলের সভাপতি জিসান আহমেদ জানান, দেশবিরোধী যেকোনো অপকর্ম ও নৈরাজ্য মোকাবিলায় ছাত্রদলের নেতাকর্মীরা রাজপথে সজাগ থাকবে। জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব আরেফিন ● ২-এর পাতায় দেখুন

সরকার ব্যর্থ হলে বিরোধী দল বসে থাকবে না: সংসদে জামায়াত আমির

দিগন্ত ডেস্ক

দেশজুড়ে অব্যাহত নাশকতা, বোমাবাজি ও আইনশৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতিতে গভীর উদ্বেগ প্রকাশ করে জাতীয় সংসদে কঠোর বার্তা দিয়েছেন বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি স্পষ্টভাবে জানিয়েছেন, বিরোধী দল হিসেবে তারা কোনো ব্যর্থতার দায় নেবে না; সরকার দেশ ও জনগণের নিরাপত্তা দিতে ব্যর্থ হলে বিরোধী দল হাত গুটিয়ে বসে থাকবে না।

মঙ্গলবার জাতীয় সংসদ অধিবেশনে পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে দেশের সার্বিক নিরাপত্তা পরিস্থিতি নিয়ে ক্ষোভ প্রকাশকালে তিনি এসব কথা বলেন।

বক্তব্যের শুরুতে দেশের নিরাপত্তা ব্যবস্থার ভঙ্গুর চিত্র তুলে ধরে বিরোধীদলীয় নেতা বলেন, মারতে মারতে এখন আর্মি গল্ফ ক্লাবেও ককটেল বিস্ফোরণ ঘটছে। এসবির সদর দপ্তরের সামনে, থানার গেটে বিস্ফোরণ হচ্ছে। ঢাকা ● ২-এর পাতায় দেখুন


আইসিডিডিআরবির মতলব হাসপাতাল চত্বরে গাছে গাছে হাজারো চড়ুই পাখি।

মানুষ ও প্রকৃতির অপূর্ব মেলবন্ধন মতলবে আইসিডিডিআরবি হাসপাতাল চত্বর যেন 'এক টুকরা চড়ুই রাজ্য'

স্টাফ রিপোর্টার

প্রতিদিন সন্ধ্যা নামার ঠিক আগে ঝাঁকে ঝাঁকে চড়ুই পাখি এসে বসতে শুরু করে হাসপাতালের বাগানের গাছের ডালে। কিছুক্ষণ পর গাছের ডাল, পাতা আর ফুলের আড়ালে ঢেকে যায় হাজারো চড়ুই। তাদের সমবেত কিচিরমিচির শব্দে মুখর হয়ে ওঠে পুরো হাসপাতাল চত্বর। রাতভর সেখানেই কাটে তাদের নিরাপদ আশ্রয়। আবার ভোরের আলো ফুটতেই দল বেঁধে খাবারের খোঁজে উড়ে যায় চড়ুইয়ের দল।

বিগত প্রায় সাত বছর ধরে বছরের নির্দিষ্ট কয়েক মাস এমন দৃশ্যের দেখা পাওয়া যাচ্ছে মতলব দক্ষিণ উপজেলা ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে আ.লীগের ১৬ নেতাকর্মীসহ গ্রেফতার ২৮

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও অপরাধ দমনে পুলিশের বিশেষ অভিযানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের ১৬ নেতাকর্মীসহ বিভিন্ন অপরাধে জড়িত মোট ২৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে। একই অভিযানে কিশোর গ্যাংয়ের ১৯ সদস্যকে আটক করেছে পুলিশ।

মঙ্গলবার (১০ নভেম্বর) সকালে চাঁদপুর পুলিশ সুপারের কার্যালয়ের মিডিয়া সেল থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

পুলিশ জানায়, সোমবার (৯ নভেম্বর) জেলার বিভিন্ন থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে এসব গ্রেপ্তার ও আটকের ঘটনা ঘটে। পুলিশ সুপার মো. মিজানুর রহমানের নির্দেশনায় জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং অপরাধ নিয়ন্ত্রণে এ অভিযান পরিচালনা করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, গ্রেপ্তার ২৮ জনের মধ্যে জিআর মামলার ● ২-এর পাতায় দেখুন


নিষিদ্ধ ছাত্রলীগের দেশবিরোধী অপতৎপরতা প্রতিরোধে চাঁদপুর শহর জামায়াতের বিক্ষোভ মিছিল।

নিষিদ্ধ ছাত্রলীগের দেশবিরোধী অপতৎপরতা প্রতিরোধে
চাঁদপুরে জামায়াতের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

শহর প্রতিনিধি

নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের দেশব্যাপী অবরোধ কর্মসূচি ঘোষণার প্রতিবাদে এবং দেশবিরোধী নানা অপতৎপরতা প্রতিরোধে চাঁদপুর শহরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী চাঁদপুর শহর শাখা। মঙ্গলবার (১০ নভেম্বর) দিনব্যাপী পৃথক কর্মসূচির মাধ্যমে রাজপথে অবস্থান নিয়ে প্রতিবাদ জানান দলটির ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে ট্রাফিকের অভিযানে ১০৯৬ মামলা, জরিমানা আদায় ৩৬ লাখ ৬০ হাজার টাকা

স্টাফ রিপোর্টার

সড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠা, যানজট নিরসন এবং সড়ক দুর্ঘটনা কমিয়ে আনতে অক্টোবর মাসজুড়ে চাঁদপুরে ব্যাপক অভিযান পরিচালনা করেছে ট্রাফিক বিভাগ। মাসব্যাপী এসব অভিযানে ট্রাফিক আইন লঙ্ঘনের দায়ে বিভিন্ন ধরনের যানবাহনের বিরুদ্ধে মোট ১ হাজার ৯৬টি মামলা দায়ের করা হয়েছে। এর মধ্যে ১ হাজার ৪২টি মামলা নিষ্পত্তি করে ৩৬ লাখ ৬০ হাজার ৪০০ টাকা জরিমানা আদায় করা হয়েছে। একই সময়ে বিভিন্ন ধরনের ৫৪টি যানবাহন জব্দ করা হয়েছে বলে ট্রাফিক বিভাগ সূত্রে জানা গেছে।



ট্রাফিক বিভাগ সূত্রে প্রাপ্ত তথ্য অনুযায়ী, অক্টোবর মাসে দায়ের করা মামলার মধ্যে ইজিবাইকের বিরুদ্ধে সর্বোচ্চ ৩৯১টি মামলা করা হয়েছে। এছাড়া মোটরসাইকেলের বিরুদ্ধে ২৭২টি, সিএনজিচালিত অটোরিকশার বিরুদ্ধে ২৫২টি, পিকআপের বিরুদ্ধে ৫৯টি, ট্রাকের বিরুদ্ধে ৪৯টি, ভ্যান ও রিকশার বিরুদ্ধে ৩৭টি, কাভার্ডভ্যানের বিরুদ্ধে ২০টি, বাসের বিরুদ্ধে ৭টি, মাইক্রোবাসের বিরুদ্ধে ৫টি এবং প্রাইভেটকারের বিরুদ্ধে ৪টি মামলা দায়ের করা হয়েছে। মামলার পরিসংখ্যান ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুরে মেঘনা থেকে মাদ্রাসা ছাত্রের মরদেহ উদ্ধার

শহর প্রতিনিধি

চাঁদপুরে মেঘনা নদী থেকে আনুমানিক ১৪ বছর বয়সী সামিউল ইসলাম নামে এক মাদ্রাসা ছাত্রের মরদেহ উদ্ধার করেছে নৌ পুলিশ। ● ২-এর পাতায় দেখুন

বাবুরহাটে নতুন পুলিশ ফাঁড়ি স্থাপনে স্থান পরিদর্শন কর্মকর্তাদের

শহর প্রতিনিধি

চাঁদপুর শহর এলাকার গুরুত্বপূর্ণ বাণিজ্যিক এলাকা বাবুরহাটে জননিরাপত্তা জোরদার ও সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে একটি নতুন পুলিশ ফাঁড়ি স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। এ লক্ষ্যে সম্ভাব্য স্থান নির্বাচনে জেলা প্রশাসন ও সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তারা যৌথভাবে এলাকা পরিদর্শন করেছেন।

মঙ্গলবার (১০ নভেম্বর) সকালে বাবুরহাটের বিভিন্ন স্থান সরেজমিনে পরিদর্শন করেন চাঁদপুর জেলা পরিষদের প্রশাসক একেএম সলিম উল্যা সেলিম, চাঁদপুরের পুলিশ ● ২-এর পাতায় দেখুন


বাবুরহাটে নতুন পুলিশ ফাঁড়ি স্থাপনে স্থান পরিদর্শন।

সভাপতি জেলা প্রশাসক, সদস্য সচিব জসিম উদ্দিন খান বাবুল
চাঁদপুর জেলা ক্রীড়া সংস্থার এ্যাডহক কমিটি অনুমোদন



স্টাফ রিপোর্টার

চাঁদপুর জেলা ক্রীড়া সংস্থার নতুন এ্যাডহক কমিটি অনুমোদন দিয়েছে জাতীয় ক্রীড়া পরিষদ। এতে সভাপতি পদে চাঁদপুর জেলাপ্রশাসক এবং সদস্য সচিব পদে স্থানীয় ক্রীড়া সংগঠক ও ক্রীড়াবিদ জসিম উদ্দিন খান বাবুলকে মনোনীত করা হয়েছে।

জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী পরিষদের চেয়ারম্যান কর্তৃক এই কমিটি অনুমোদিত ● ২-এর পাতায় দেখুন


চাঁদপুর সরকারি কলেজ ছাত্রদলের বিক্ষোভে নেতৃত্ব দেন চাঁদপুর জেলা ছাত্রদলের আহ্বায়ক মো. ইসমাইল হোসেন পাটোয়ারী।

চাঁদপুর সরকারি কলেজ ছাত্রদলের বিক্ষোভ

শহর প্রতিনিধি

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নাশকতামূলক কর্মকাণ্ড প্রতিরোধে বিক্ষোভ কর্মসূচি পালন করেছে চাঁদপুর সরকারি কলেজ ছাত্রদল। মঙ্গলবার (১০ নভেম্বর) সকালে চাঁদপুর সরকারি কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। এতে নেতৃত্ব দেন চাঁদপুর জেলা ছাত্রদলের আহ্বায়ক এইচ এম ইসমাইল হোসাইন পাটোয়ারী ও সদস্য সচিব জিয়াউর রহমান সোহাগ।

কলেজ ছাত্রদলের সভাপতি আবু নাইম খানের সভাপতিত্বে আয়োজিত বিক্ষোভ কর্মসূচিতে জেলা ও কলেজ ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। এ সময় নেতাকর্মীরা ● ২-এর পাতায় দেখুন

মতলবে বিদ্যুৎস্পৃষ্টে চার সন্তানের জননীর মৃত্যু

মতলব দক্ষিণ প্রতিনিধি

মতলবে বাসার ছাদে শুকাতে দেয়া কাপড় আনতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্টে হেলেনা বেগম (৩৭) নামে চার সন্তানের জননীর মৃত্যু হয়েছে।

মঙ্গলবার (১০ নভেম্বর) সকাল সাড়ে ৯টার দিকে মতলব পৌরসভার ৩নং ওয়ার্ডের মধ্য কলাদী এলাকায় এই দুর্ঘটনা ঘটে। হাসপাতাল ও পারিবারিক সূত্রে জানা গেছে, মঙ্গলবার সকালে নিজ বাসার ছাদে শুকাতে দেওয়া কাপড় আনতে যান হেলেনা বেগম। এ সময় একটি কাপড় বিদ্যুতের তারে আটকে থাকায় তিনি লোহার বস্তু দিয়ে সেটি সরানোর চেষ্টা করেন। অসাবধানতাবশত তারের সংস্পর্শে ● ২-এর পাতায় দেখুন

কচুয়ায় মসজিদ তহবিলের অর্থ নিয়ে
দু'পক্ষের হামলায় আহত ১০, পাল্টাপাল্টি অভিযোগ

কচুয়া প্রতিনিধি

কচুয়া উপজেলার গোহট দক্ষিণ ইউনিয়নের দরিগোবিন্দপুর গাউছুল আজম


কচুয়ায় গাউছুল আজম জামে মসজিদের তহবিলে অর্থ নিয়ে দু'পক্ষের হামলায় আহতরা।

জামে মসজিদের তহবিলে জমা অর্থ নিয়ে দুই পক্ষের হামলায় অন্তত ১০ জন আহত হয়েছে। শুক্রবার (০৬ নভেম্বর) বাদ জুমা মসজিদ প্রাঙ্গনে এই ঘটনা ঘটে। এ ঘটনায় দু'পক্ষই পাল্টাপাল্টি কুচুয়া থানা লিখিত অভিযোগ দায়ের করেছেন। স্থানীয়রা জানান, মসজিদের ● ২-এর পাতায় দেখুন

চার বছরের প্রেম, ছয় মাসের সংসার, শ্বশুরবাড়িতে নববধূর রহস্যজনক মৃত্যু

গোলাম নবী খোকন

চার বছরের প্রেমের সম্পর্ক। এরপর ভালোবেসে বিয়ে। নতুন সংসারের বয়স মাত্র ছয় মাস। কিন্তু সেই স্বপ্নের সংসারের করুণ পরিণতি হলো এক নববধূর রহস্যজনক মৃত্যুতে। মধ্যরাতে শ্বশুরবাড়ি থেকে উদ্ধার করা হয়েছে নিপা আক্তার (২০) নামে এক গৃহবধূর মরদেহ। স্বজনদের অভিযোগ, স্বামীর নির্যাতন ও পারিবারিক কলহের কারণেই এমন মর্মান্তিক পরিণতি হয়েছে তার। তাদের দাবি, স্বামী সিফাত নেশাগ্রস্ত ছিলেন এবং প্রায়ই নিপাকে মারধর করতেন।

সোমবার দিবাগত রাত সাড়ে তিনটার দিকে মতলব উত্তর উপজেলার ফতেপুর পশ্চিম ইউনিয়নের নাউরী বাজার এলাকার কবিরাজ বাড়ি থেকে নিপার মরদেহ উদ্ধার করে পুলিশ। নিহত নিপা উপজেলার মোহনপুর ইউনিয়নের ● ২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে আ'লীগের আরও ৯ নেতাকর্মী গ্রেফতার



ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে নাশকতা বিরোধী বিশেষ অভিযান চালিয়ে কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত আওয়ামীলীগ ও অঙ্গ-সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের ৯ জন নেতাকর্মীকে গ্রেফতার করেছে থানা পুলিশ। এ নিয়ে গত চার দিনে মোট ২৮ জন নেতাকর্মীকে গ্রেফতার করেছে থানা পুলিশ। রোববার (৯ নভেম্বর ২০২৬) রাতে চাঁদপুর জেলা পুলিশ সুপার মো. মিজানুর রহমানের বিশেষ নির্দেশনায় এবং ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ এরশাদ উল্যাহর সার্বিক পরিচালনায় উপজেলার বিভিন্ন ইউনিয়নে পৃথক পৃথক অভিযান পরিচালিত হয়। অভিযানে গ্রেফতারকৃতরা ● ২-এর পাতায় দেখুন


ফরিদগঞ্জের ২নং বালিথুবা পূর্ব ইউনিয়নের ইসলামপুর শাহ্ ইয়াছিন সিনিয়র ফাজিল মাদ্রাসা মাঠের চিত্র।

খেলার মাঠ উন্মুক্তের নির্দেশ প্রধানমন্ত্রীর
ফরিদগঞ্জে মাদ্রাসার মাঠে খেলার সুযোগ নেই

ফরিদগঞ্জ প্রতিনিধি

শিশু-কিশোর ও তরুণদের শারীরিক-মানসিক বিকাশে দেশের প্রতিটি ইউনিয়নে অন্তত একটি খেলার মাঠ গড়ে তোলা এবং মাঠগুলো সবার জন্য উন্মুক্ত রাখার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। অথচ ফরিদগঞ্জে একটি মাদ্রাসার বড় মাঠ থাকা সত্ত্বেও সেখানে খেলাধুলার সুযোগ পাচ্ছে না শিক্ষার্থী ও স্থানীয় তরুণেরা। দীর্ঘদিন ধরে মাঠটি ব্যবহারের অনুমতি না পাওয়ায় এবার মাঠ উন্মুক্ত করার দাবিতে স্থানীয় সংসদ সদস্যের দ্বারস্থ হয়েছেন ক্রীড়াপ্রেমী তরুণেরা। এ নিয়ে শিক্ষার্থী ও স্থানীয় বাসিন্দাদের পক্ষ থেকে পৃথক আবেদন ও স্মারকলিপিও দেওয়া হয়েছে।

ঘটনাটি উপজেলার ২নং বালিথুবা পূর্ব ইউনিয়নের ৩নং ওয়ার্ডের ইসলামপুর শাহ্ ইয়াছিন সিনিয়র ফাজিল মাদ্রাসার। অভিযোগ উঠেছে, মাদ্রাসার বড় মাঠটি থাকলেও দীর্ঘদিন ধরে শিক্ষার্থী ও স্থানীয় শিশু-কিশোরদের সেখানে খেলাধুলার সুযোগ দেয়া হচ্ছে না। এতে লেখাপড়ার পাশাপাশি শারীরিক অনুশীলন ও সুস্থ বিনোদন থেকে বঞ্চিত হচ্ছে তারা।

আবেদনে শিক্ষার্থীরা উল্লেখ করেছে, শিক্ষার পাশাপাশি শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলার গুরুত্ব অপরিসীম। খেলাধুলা শরীর সুস্থ রাখার পাশাপাশি শৃঙ্খলাবোধ, পারস্পরিক সহযোগিতা, সহনশীলতা ও নেতৃত্বের গুণাবলি বিকাশে সহায়তা করে। অথচ মাদ্রাসায় মাঠ থাকা সত্ত্বেও শিক্ষার্থীরা নিয়মিত খেলাধুলার সুযোগ পাচ্ছে না। এমনকি প্রতিবছর বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা ও অনুষ্ঠান আয়োজন করা হলেও শিক্ষার্থীদের ● ২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী
১১ নভেম্বর ২০২৬
বুধবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন

চাঁদপুর জেলা বিএনপির কোষাধ্যক্ষ আব্দুল কাদের বেপারীর শাশুড়ির ইন্তেকাল

কে এম সালাহউদ্দিন

চাঁদপুর জেলা বিএনপির কোষাধ্যক্ষ আব্দুল কাদের বেপারীর শাশুড়ি ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

মঙ্গলবার (১০ নভেম্বর) বেলা ১২টার দিকে চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে হৃদ্‌ক্রিয়া বন্ধ হয়ে তিনি ইন্তেকাল করেন।

মরহুমার জানাজা মঙ্গলবার বাদ এশা চাঁদপুর বেগম জামে মসজিদ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়।

জানাজায় ইমামতি করেন মরহুমার সহোদর ভাই, মিরপুর ডিওএইচএস সেন্ট্রাল জামে মসজিদের খতিব মোশাররফ হোসেন।

জানাজায় চাঁদপুর জেলা ও সদর উপজেলা যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী, ঠিকাদার, স্থানীয় ● ২-এর পাতায় দেখুন


মতলব উত্তর ছেংগারচরে ভয়াবহ অগ্নিকাণ্ডে পুড়ে যাওয়া গোয়ালঘর ও দুটি গর্ভবতী গরু।

মতলব উত্তরে গোয়ালঘরে অগ্নিকান্ডে ২ গর্ভবতী গরুসহ ৫ লাখ টাকার ক্ষতি

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলার ছেংগারচর পৌরসভার ৭নং ওয়ার্ডের বাগবাড়ী গ্রামে ভয়াবহ অগ্নিকাণ্ডে একটি গোয়ালঘর এবং সেখানে থাকা দুটি গর্ভবতী গরু পুড়ে ছাই হয়ে গেছে। আগুনে গোয়ালঘর সংলগ্ন একটি দোচালা ঘর ও অন্যান্য মালামাল নষ্ট হয়ে প্রায় পাঁচ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে ক্ষতিগ্রস্ত পরিবার দাবি করেছে। এই আকস্মিক দুর্ঘটনায় ● ২-এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স

WALTON KONKA GREE AC কোম্পানির সকল মালামাল পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে: Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল
বুধবার ১১ নভেম্বর ২০২৬, ২৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ৩০ জমা: আউয়াল ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

চাঁদপুরে মামলা জটিলতায় নষ্ট হচ্ছে ৫০টি নৌকা


চাঁদপুরে মামলা জটিলতায় নষ্ট হচ্ছে ৫০টি নৌকা।

স্টাফ রিপোর্টার

চাঁদপুর নৌ-থানায় বিভিন্ন সময় অভিযান চালিয়ে ও অবৈধভাবে নিষেধাজ্ঞা মাছ শিকারের দায়ে প্রায় ৫০ টি নৌকা জব্দ করা হয়। এই সমস্ত নৌকা ও জেলেদের নামে করা হয় পৃথক মামলা।

এ ব্যাপারে চাঁদপুর নৌ-থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ আজমগীর হোসেন জানান, নিষেধাজ্ঞা বিভিন্ন সময় অভিযান চালিয়ে জব্দ করা হয় নৌকা ও জেলে। জেলেদের আদালত থেকে জামিন দেওয়া হলেও নৌকার বিরুদ্ধে দায়ের করা মামলার জামিন সঠিক সময়ে না নেওয়ার কারণে নৌকাগুলো আমাদের থানা হেফাজতে রয়ে যায়।
চাঁদপুর নৌ থানার অফিসার ইনচার্জ আরো জানা, একজন জেলেকে যেভাবে গ্রেফতার করে মামলা দেওয়া হয় ঠিক সেই ভাবেই তাদের ব্যবহারকৃত নৌ পুলিশ দ্বারা আটককৃত নৌকাটিকে ও একইভাবে মামলা দেওয়া হয়। এতে করে একজন আটককৃত জেলেকে যেভাবে আদালত থেকে জামিন নিতে হয় ঠিক তেমনিভাবে আটককৃত উক্ত নৌকাটিকে ও আদালত থেকে একই পদ্ধতিতে জামিন নিতে হয়। মামলাসহ বিভিন্ন আইনি প্রক্রিয়া শেষ হলেই কেবল জেলেরা তাদের নৌকা ফিরে পাবেন।
সরজমিনে গিয়ে দেখা যায়, চাঁদপুর লঞ্চঘাট এলাকায় তীরবর্তী স্থানে এই সমস্ত নৌকাগুলো নষ্ট হয়ে পরে রয়েছে। লাখ লাখ ● ৩-এর পাতায় দেখুন

দুর্নীতি ও হয়রানি ঠেকাতে হাইমচরের ভূমি অফিসে সিসি ক্যামেরায় নজরদারি

হাইমচর প্রতিনিধি

সরকারি ভূমিসেবায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে চাঁদপুরের হাইমচর উপজেলার তিনটি ইউনিয়ন ভূমি অফিসকে ক্লোজ সার্কিট (সিসি) ক্যামেরার আওতায় এনেছে উপজেলা প্রশাসন। গত ১ নভেম্বর থেকে এসব ক্যামেরার মাধ্যমে উপজেলা থেকেই ভূমি অফিসগুলোর কার্যক্রম পর্যবেক্ষণ ও তদারকি করা হচ্ছে।
উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. নজরুল ইসলাম-এর উদ্যোগে নেওয়া এ কার্যক্রমের মূল লক্ষ্য হলো সাধারণ মানুষকে হয়রানিমুক্ত, দ্রুত ও স্বচ্ছ ভূমিসেবা নিশ্চিত করা। পাশাপাশি সরকারি নির্ধারিত ফির বাইরে অতিরিক্ত অর্থ আদায় বন্ধ এবং ভূমি অফিসগুলোকে দুর্নীতিমুক্ত করা।
● ৩-এর পাতায় দেখুন


মতলব উত্তরে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে আর্থিক সহায়তা প্রদান করছেন জামায়াতের মেয়র প্রার্থী ইঞ্জিঃ আব্দুল হাই শিকদার।

মতলব উত্তরে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে জামায়াতের মেয়র প্রার্থী ইঞ্জিঃ আব্দুল হাই শিকদার

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলার ছেঙ্গারচর পৌরসভার ৭নং ওয়ার্ডের বাগবাড়ী গ্রামে ভয়াবহ অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত কৃষক হযরত আলী শিকদারের পরিবারের পাশে দাঁড়িয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত ছেঙ্গারচর পৌরসভার মেয়র প্রার্থী ইঞ্জিনিয়ার আব্দুল হাই শিকদার। গত মঙ্গলবার দিবাগত রাত আনুমানিক ১টার দিকে অগ্নিকাণ্ডে হযরত ● ৩-এর পাতায় দেখুন

জলাতঙ্ক প্রতিরোধে চাঁদপুরে ৬ শতাধিক কুকুরকে ভ্যাকসিন প্রদান

শহর প্রতিনিধি

জলাতঙ্ক প্রতিরোধে চাঁদপুর পৌরসভার বিশেষ উদ্যোগে পাঁচ দিনে চাঁদপুর পৌর এলাকার ৬ শতাধিক কুকুরকে র‍্যাবিসিন ভ্যাকসিন প্রদান করা হয়েছে। গত ১ নভেম্বর থেকে ৫ নভেম্বর পর্যন্ত এই ৫ দিনে পৌরসভার ১৫টি ওয়ার্ডের বিভিন্ন এলাকায় পথ কুকুরদেরকে এই ভ্যাকসিন প্রদান করা হয়।
জানা যায়, চাঁদপুর শহরে দীর্ঘদিন ধরে বেওয়ারিশ কুকুরের অবাধ বিচরণ ও উপদ্রব নিয়ে সাধারণ মানুষের মধ্যে উদ্বেগ দেখা দেয়। বিশেষ করে পথচারী, শিশু ও শিক্ষার্থীদের নিরাপত্তা এবং কুকুরের কামড়ে জলাতঙ্কের ঝুঁকি জনস্বাস্থ্যের ● ৩-এর পাতায় দেখুন

শিক্ষামন্ত্রী এহছানুল হক মিলনের বড় ভাই রতন এভারকেয়ারে ভর্তি

কচুয়া প্রতিনিধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ও চাঁদপুর-১ (কচুয়া) আসনের সংসদ সদস্য ড. আ. ন. ম. এহছানুল হক মিলনের বড় ভাই এটিএম রেজাউল হক রতন (৭৪) গুরুতর অসুস্থ হয়ে চিকিৎসাধীন রয়েছেন।
গত ৭ নভেম্বর (শনিবার) কিডনিজনিত জটিলতা বৃদ্ধি পাওয়ায় তাঁকে রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় অবস্থিত এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে বিশেষজ্ঞ চিকিৎসকদের নিবিড় তত্ত্বাবধানে তাঁর চিকিৎসা চলছে।
পরিবারের পক্ষ থেকে মাননীয় ● ৩-এর পাতায় দেখুন

দেশবিরোধী অপতৎপরতা প্রতিরোধে চাঁদপুরে ছাত্রদল নেতাদের অবস্থান কর্মসূচী

শহর প্রতিনিধি

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের দেশবিরোধী অপতৎপরতা প্রতিরোধে চাঁদপুরে অবস্থান কর্মসূচি পালন করেছেন জাতীয়তাবাদী ছাত্রদলের সাবেক ও বর্তমান নেতাকর্মীরা। মঙ্গলবার (১০ নভেম্বর) সকাল থেকে চাঁদপুর শহরের শপথ চত্বর ও কালীবাড়ী কোর্ট স্টেশন এলাকায় অবস্থান নেন তাঁরা। জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ইমাম হোসেন গাজী এবং সদর উপজেলা ছাত্রদলের সভাপতি জিসান আহমেদের নেতৃত্বে এ কর্মসূচিতে সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা অংশ নেন। এ সময় তারা আওয়ামী লীগের দেশবিরোধী কর্মকাণ্ড ও যেকোনো ● ৩-এর পাতায় দেখুন

রাজনৈতিক সংশ্লিষ্টতা নেই বিভ্রান্তি ও হয়রানি না করার অনুরোধ ব্যবসায়ী মমিন বেপারী

স্টাফ রিপোর্টার

নিজেকে কোনো রাজনৈতিক দলের সঙ্গে সম্পৃক্ত নন উল্লেখ করে বিভ্রান্তি ও হয়রানির শিকার না করার অনুরোধ জানিয়েছেন পুরাণ বাজারের ব্যবসায়ী মো. মমিন



বেপারী। ১০ নভেম্বর ২০২৬ তারিখে দেওয়া এক লিখিত বক্তব্যে তিনি বলেন, দেশের স্বার্থে এবং দেশকে চলমান গতিতে এগিয়ে নিতে তিনি সবসময় দেশের পক্ষেই ছিলেন। তবে কখনো কোনো পদ-পদবি গ্রহণ করেননি কিংবা কোনো রাজনৈতিক দলের সঙ্গে সম্পৃক্ত
● ৩-এর পাতায় দেখুন


প্রধান নির্বাচন কমিশনার সাংবাদিক মনিরুজ্জামান বাবলু, সদস্য সচিব মোহাম্মদ হাবীব উল্যাহ্ এবং সদস্য মো. বিল্লাল হোসাইন পাটওয়ারী।

হাজীগঞ্জ বাজার টাইলস্ ও স্যানেটারী ব্যবসায়ী সমিতির নির্বাচন পরিচালনা কমিটি গঠন

মোঃ ইউসুফ বেপারী

হাজীগঞ্জ বাজার টাইলস্ ও স্যানেটারী ব্যবসায়ী সমিতির নির্বাচন পরিচালনা কমিটি গঠন করা হয়েছে। সমিতির সভাপতি ও হাজীগঞ্জ সদর ইউনিয়নের চেয়ারম্যান ইউসুফ প্রধানীয়া সুমনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মো. খোরশেদ আলমের পরিচালনায় সোমবার (৯ নভেম্বর) সন্ধ্যায় অনুষ্ঠিত সাধারণ সভায় বর্তমান কার্যকরি কমিটি বিলুপ্ত ● ৩-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে দুর্ঘটনায় অবসরপ্রাপ্ত কর্মকর্তা নিহত

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে দ্রুতগামী মোটরসাইকেলের ধাক্কায় শংকর চন্দ্র শীল (৭০) নামে এক অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন।
মঙ্গলবার (১০ নভেম্বর ২০২৬) দুপুরে উপজেলার রূপসা উত্তর ইউনিয়নের নারকেল তলা এলাকায় এই দুর্ঘটনা ঘটে। নিহত শংকর চন্দ্র শীল ফরিদগঞ্জ পৌরসভার দক্ষিণ কাছিয়াড়া গ্রামের বাসিন্দা এবং তিনি তিন সন্তানের জনক ছিলেন।
● ৩-এর পাতায় দেখুন


কচুয়ায় ডেঙ্গু বিষয়ক সায়েন্টিফিক সেমিনার।

কচুয়ায় চিকিৎসকদের নিয়ে ডেঙ্গু বিষয়ক সায়েন্টিফিক সেমিনার

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় ডেঙ্গু জ্বরের প্রতিরোধ, আধুনিক চিকিৎসা পদ্ধতি ও জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ট্রেনেটা কোম্পানির আয়োজনে চিকিৎসকদের অংশগ্রহণে এক সায়েন্টিফিক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সোমবার (৯ নভেম্বর) কচুয়ার রাজমহল হোটেলে ট্রেনেটা কোম্পানি লিমিটেড এর উদ্যোগে এ সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চিকিৎসক ডা. সোহেল রানা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা. লিটন দাস। অনুষ্ঠান সঞ্চালনা করেন ● ৩-এর পাতায় দেখুন


অসুস্থ আবু তাহের ঢালীকে চিকিৎসা সহায়তা প্রদান করছেন গনি-আয়েশা ফাউন্ডেশন নেতৃবৃন্দ।

অসুস্থ আবু তাহের ঢালীকে গনি-আয়েশা ফাউন্ডেশনের চিকিৎসা সহায়তা

শহর প্রতিনিধি

চাঁদপুরে অসুস্থ আবু তাহের ঢালী (৬২)-এর চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান করেছে গনি-আয়েশা ফাউন্ডেশন।
মঙ্গলবার (১০ নভেম্বর) বিকেলে শহরের আঃ করিম পাটোয়ারী সড়কে অবস্থিত ফাউন্ডেশনের কার্যালয়ে এসহায়তা প্রদান করা হয়। ফাউন্ডেশনের সভাপতি শাহজাহান সিদ্দিকী, সাধারণ সম্পাদক হোসনে আরা ও সদস্য আ: কুদ্দুছ মুন্সী তাঁর পরিবারের হাতে সহায়তার অর্থ তুলে দেন।
অসুস্থ আবু তাহের ঢালীর পক্ষে তাঁর ছেলে শাহাদাত হোসেন সাজু (দক্ষিণ দাসাদী, বাবুরহাট) এ অর্থ গ্রহণ করেন। ● ৩-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে কৃষিজমির টপসয়েল কাটায় লাখ টাকা জরিমানা

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে অনুমোদনহীন ড্রেজার দিয়ে কৃষিজমির উপরিভাগের মাটি (টপ সয়েল) কাটার অপরাধে আবুল কাশেম (৭৪) নামে এক ব্যক্তিকে এক লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার (১০
● ৩-এর পাতায় দেখুন


মতলব উত্তরে এতিম শিশুদের নিয়ে এনপিবি নিউজের প্রথম বর্ষপূর্তি উদ্যাপন।

মতলবে এতিম শিশুদের সঙ্গে এনপিবি নিউজের প্রথম বর্ষপূর্তি উদ্যাপন

গোলাম নবী খোকন

এতিম শিশুদের মুখে হাসি ফোটানো এবং তাদের সঙ্গে আনন্দ ভাগাভাগি করে ব্যতিক্রমী আয়োজনে অনলাইন সংবাদমাধ্যম এনপিবি নিউজের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্যাপন করা হয়েছে। প্রতিষ্ঠাবার্ষিকীর আনুষ্ঠানিকতা সীমাবদ্ধ না রেখে এতিম শিক্ষার্থীদের সঙ্গে একবেলা ● ৩-এর পাতায় দেখুন

এইচএসসির ফলাফলে শাহরাস্তিতে দ্বিতীয় চেড়িয়ারা কলেজ, ৬৯ পরীক্ষার্থীর ৪৩ জন উত্তীর্ণ

নিজস্ব প্রতিবেদক

একটি শিক্ষাপ্রতিষ্ঠানের অগ্রযাত্রায় অর্থের চেয়ে বড় শক্তি সম্মিলিত উদ্যোগ, আর সেই উদ্যোগকে এগিয়ে নিতে প্রয়োজন দায়িত্বশীল পৃষ্ঠপোষকতা। চাঁদপুরের শাহরাস্তি উপজেলার চেড়িয়ারা উচ্চ বিদ্যালয় ও কলেজের কলেজ শাখায় সেই প্রচেষ্টার একটি চিত্র দেখা যাচ্ছে। পরিচালনা পর্ষদের সভাপতি ও শিক্ষানুরাগী সমাজসেবক মো. ইকবাল হোসেন ভূঁইয়ার ব্যক্তিগত
● ৩-এর পাতায় দেখুন



চাঁদপুরে মাওলানা ভাসানীর ৫০তম মৃত্যুবার্ষিকীর আলোচনা সভায় উপস্থিত অতিথিবৃন্দ।

মিয়া ভাই কনটেন্ট ক্রিয়েটর জাহিদ শাকিলের মায়ের ইন্তেকাল

সদর প্রতিনিধি

সামাজিক যোগাযোগমাধ্যমে পরিচিত কনটেন্ট ক্রিয়েটর শাকিলের মা আর নেই। সোমবার (৯ নভেম্বর) রাত আনুমানিক ১০টার দিকে রাজধানী ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।
তাঁর মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে পরিবার, আত্মীয়স্বজন, সহকর্মী ও শুভাকাঙ্ক্ষীদের মধ্যে শোকের ছায়া নেমে আসে। সামাজিক যোগাযোগমাধ্যমে শাকিলের মায়ের মৃত্যুতে শোক প্রকাশ করছেন তাঁর সহকর্মী ও ভক্ত-অনুরাগীরা।
মরহুমার জানাজা মঙ্গলবার (১০ নভেম্বর) আসরের নামাজের পর নিজ বাড়িতে অনুষ্ঠিত হয় এবং তাকে পারিবারিক কবরস্থানে সমাহিত করা হয়। মরহুমার মৃত্যুতে শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন শুভানুধ্যায়ীরা। একই সঙ্গে তাঁরা মরহুমার ● ৩-এর পাতায় দেখুন

চাঁদপুরে পোস্টার লাগানোয় লোটো শোরুমকে অর্থদণ্ড

শহর প্রতিনিধি

চাঁদপুরে অনুমোদনহীন স্থানে বিজ্ঞাপনী পোস্টার লাগানোর দায়ে লোটো শোরুমকে ২০ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। সোমবার (৯ নভেম্বর)
● ৩-এর পাতায় দেখুন


রক্তখুঁজি' ওয়েবসাইটের শুভ উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা অমিত রায়।

মাওলানা ভাসানীর ৫০তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে চাঁদপুরে আলোচনা সভা

নিজস্ব প্রতিবেদক

মাওলানা আবদুল হামিদ খান ভাসানীর ৫০তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে চাঁদপুর নতুন বাজার পৌর সুপার মার্কেটের ৪র্থ তলায় ৯ নভেম্বর বিকেলে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয় । আলমগীর হোসেন দুলালের পরিচালনায় ও
● ৩-এর পাতায় দেখুন

মেসার্স জিহাদ মুজাহিদ ট্রেডার্স
প্রোপাইটর: মোঃ আব্দুল গফুর
● সকল প্রকার সেলুকল, আর্থিংয়ের তার এবং সব ধরনের পাইপ পাওয়া যায়।
● অত্যন্ত দক্ষতার সাথে গভীর নলকূপ বসানো হয়।
ঠিকানা: মিশন রোড রেল ক্রসিংয়ের দক্ষিণ পাশে, চাঁদপুর।
মোবাইল: ০১৮৩৯-৫৯১৯০৭, ০১৭১১-৬৬১০৯৩

কচুয়ায় 'রক্তখুঁজি' ওয়েবসাইটের শুভ উদ্বোধন

কচুয়া প্রতিনিধি

রক্তদানে ভ্রাতৃত্বের বন্ধন আরও সুদৃঢ় করা এবং স্বেচ্ছায় রক্তদানের কার্যক্রম সহজ ও গতিশীল করার লক্ষ্যে ড্রিমফিল যুবসমাজ কল্যাণ সংগঠনের উদ্যোগে 'রক্তখুঁজি' ওয়েবসাইটের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল ১১টায় কচুয়া উপজেলা পরিষদ অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে
● ৩-এর পাতায় দেখুন

হাইমচরে ঢেউটিন ও আর্থিক সহায়তার চেক বিতরণ

হাইমচর প্রতিনিধি

হাইমচর উপজেলায় ২০২৬-২০২৭ অর্থবছরের বরাদ্দের আওতায় অসহায় ও ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে ঢেউটিন ও আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়েছে।
মঙ্গলবার (১০ নভেম্বর) সকালে উপজেলা পরিষদ প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে উপকারভোগীদের হাতে ঢেউটিন ও
● ৩-এর পাতায় দেখুন

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার
ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় : প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় : প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা
সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মুত্রথলি, মুত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরেটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যধি, ডায়াবেটিক, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ — ২৪ ঘন্টা সার্ভিস
সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন: মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।
ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফি)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।
ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন: প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ডায়াবেটলজি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, প্রোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দুর্বলতা, ইউরোলজী, এন্ডোলজী, ল্যাপারোস্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএন (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)
ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পুর্ণবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন: প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসার সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন: প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কপিক সার্জারী
সহকারি রেজিষ্ট্রার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)
আমাদের সেবা সমূহ
• এনআইসিইউ • পিআইসিইউ • সেন্ট্রাল অক্সিজেন
• মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
• সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
• উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
• ২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
• জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
• প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
• ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ *অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান*, সম্পাদক ও প্রকাশক ঃ *এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া*, নির্বাহী সম্পাদক ঃ *মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী*, যুগ্ম সম্পাদক : *আব্দুস শুকুর মস্তান*, ব্যবস্থাপনা সম্পাদক ঃ *এ্যাডভোকেট শাহজাহান খান*, যুগ্ম বার্তা সম্পাদক ঃ *আদনান আল মুরাদ*, মফস্বল সম্পাদক ঃ *এম এ গফুর*, বিশেষ প্রতিনিধি ঃ *আবু সুফিয়ান ভূইয়া*, আইটি ইনচার্জ ঃ *জি এম এমরান হোসেন* সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
বুধবার ॥ ১১ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

নিয়ন্ত্রণহীন এলপিজির বাজার রান্নার গ্যাসের খরচ জোগাতেই নাভিশ্বাস উঠছে

রান্নার গ্যাস এলপিজির বাজার লাগামহীন হয়ে পড়ায় শ্রমজীবী থেকে মধ্যবিত্ত–সব শ্রেণির নাগরিকদের ওপর শুধু চাপ ও দুর্ভোগের বোঝা চাপছে না, জন-অসন্তোষের কারণও হয়ে দাঁড়িয়েছে। সম্প্রতি ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জসহ দেশে তৈরি পোশাকশ্রমিকদের যে আন্দোলন, তাতে বড় রসদ জুগিয়েছে জ্বালানি, বিদ্যুৎ ও এলপিজির ঊর্ধ্বমুখী দাম। বাংলাদেশে এলপিজির দাম আশপাশের দেশগুলোর তুলনায় এমনিতেই ৪৫-৫০ শতাংশ বেশি। এরপরও বাজারে গিয়ে যদি ভোক্তাদের সরকার নির্ধারিত দামের চেয়ে অনেক বেশি দামে এলপিজি সিলিন্ডার কিনতে হয়, তাহলে বাজার তদারকি ব্যবস্থা বলে কোনো কিছুর অস্তিত্ব আছে কি না, তা নিয়েই প্রশ্ন তৈরি হয়। ফেব্রুয়ারি মাসে শুরু হওয়া ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যুদ্ধের সবচেয়ে বড় অভিঘাত জ্বালানিবাজারের ওপর পড়েছে। মধ্যপ্রাচ্য, আফ্রিকাসহ অপেক্ষাকৃত কাছের উৎসগুলো থেকে এলপিজির আমদানি প্রায় বন্ধ হয়ে গেছে। দেশে বর্তমানে আমদানি করা এলপিজির ৮৫ শতাংশই আসছে যুক্তরাষ্ট্র থেকে। বিশ্ববাজারে দাম বেড়ে যাওয়া ও পরিবহন ব্যয়ের কারণে এলপিজির দাম বেড়ে যাওয়া স্বাভাবিক। কিন্তু ইরান যুদ্ধ শুরুর আগে যেখানে ১২ কেজির এলপিজি সিলিন্ডারের বিইআরসি নির্ধারিত দাম ছিল ১ হাজার ৩৪১ টাকা, সেখানে নভেম্বর মাসে দাম বেড়ে কীভাবে ২ হাজার ৬০ টাকা হতে পারে।

চাঁদপুর জেলা ক্রীড়া

হয়। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জাতীয় ক্রীড়া পরিষদের রুটিন দায়িত্বে নিয়োজিত নির্বাহী পরিচালক টিটন খীসা স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এই অনুমোদনের বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

অনুমোদিত এ্যাডহক কমিটির পদ বিন্যাস নিম্নরূপ: সভাপতি: জেলা প্রশাসক, চাঁদপুর। সহ-সভাপতি: পুলিশ সুপার, চাঁদপুর।সদস্য: অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চাঁদপুর। সদস্য: উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চাঁদপুর।সদস্য: জেলা ক্রীড়া অফিসার, চাঁদপুর।সদস্য: ডি. এম. শাহজাহান (স্থানীয় ক্রীড়াবিদ)। সদস্য সচিব: জসিম উদ্দিন খান বাবুল (স্থানীয় ক্রীড়া সংগঠক/ক্রীড়াবিদ)। নবমনোনীত সদস্য সচিব জসিম উদ্দিন খান বাবুল জেলায় ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনের একজন সুপরিচিত ব্যক্তিত্ব। তিনি জেলা ক্রীড়া সংস্থার সাবেক সহ-সভাপতি ছিলেন। এছাড়া 'নিতাইগঞ্জ ক্রীড়া চক্র' এবং সাংস্কৃতিক সংগঠন 'অনুপম নাট্যগোষ্ঠী'-র সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেনপ্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, অনুমোদিত এই এ্যাডহক কমিটি স্থানীয় ক্রীড়া সংস্থার গঠনতন্ত্র অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। কমিটি অনুমোদনের খবর প্রকাশের পর চাঁদপুরের ক্রীড়ামোদী ও সুশীল সমাজের পক্ষ থেকে নতুন কমিটিকে শুভেচ্ছা জানানো হয়েছে।

বাবুরহাটে নতুন পুলিশ ফাঁড়ি

সুপার (এসপি) মো. মিজানুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার নাদিরা নূর,জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা কবির সরদার এবং সড়ক ও জনপথ (সওজ) বিভাগের নির্বাহী প্রকৌশলীসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা। পরিদর্শনকালে ফাঁড়ি স্থাপনের জন্য উপযুক্ত জমি, যাতায়াত ও যোগাযোগব্যবস্থা এবং সার্বিক অবকাঠামোগত সুবিধা পর্যালোচনা করা হয়। স্থানীয় বাসিন্দারা জানান, বাবুরহাট চাঁদপুর জেলার অন্যতম বৃহৎ ও ব্যস্ততম বাণিজ্যিক কেন্দ্র। এখানে একটি স্থায়ী পুলিশ ফাঁড়ি চালু হলে অপরাধ দমন, চুরি-ছিনতাই রোধ এবং এলাকার দীর্ঘদিনের যানজট নিরসনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কার্যকর ভূমিকা রাখতে পারবে। বিশেষ করে স্থানীয় ব্যবসায়ী, ক্রেতা ও সাধারণ পথচারীদের দীর্ঘদিনের নিরাপত্তাজনিত উদ্বেগ দূর হবে। সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, বাবুরহাটে পুলিশ ফাঁড়ি স্থাপনের প্রাথমিক কার্যক্রমের অংশ হিসেবে এই পরিদর্শন পরিচালনা করা হয়েছে। জমি চূড়ান্তকরণসহ প্রশাসনিক প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর দ্রুততম সময়ে ফাঁড়ি স্থাপনের পরবর্তী কার্যক্রম শুরু হবে। কর্মকর্তাদের এই সরেজমিন পরিদর্শনের মধ্য দিয়ে প্রস্তাবিত পুলিশ ফাঁড়ি স্থাপনের বিষয়টি আরও এক ধাপ এগিয়ে গেল বলে মনে করছেন বাবুরহাটের সচেতন মহল ও সাধারণ এলাকাবাসী।

চাঁদপুরে মেঘনা থেকে

মঙ্গলবার (১০ নভেম্বর) সকালে চাঁদপুর লঞ্চঘাটের পূর্ব পাশে নিশি বিল্ডিংসংলগ্ন কোড়ালিয়া চর মেঘনা নদী থেকে মরদেহটি উদ্ধার করা হয়।

নিহত সামিউল শহরের মোমিন পাড়া মাদ্রাসার হেফজ বিভাগের ছাত্র। পুরাণবাজার মধুসূদন মাঠের দক্ষিণ কোণে তাদের বাড়ি। বর্তমানে কোড়ালিয়ার বাসায় তারা ভাড়া থাকতো।তার পিতার নাম নজরুল ইসলাম নজু। চার ভাইয়ের মধ্যে সামিউল ছিলেন সবার ছোট। তার বড় ভাই চাঁদপুর জেলা ফুটবল দলের নিয়মিত ফুটবলার সাইফ ইসলাম ওরপে শাহ আলম।

নৌ পুলিশ অজ্ঞাত কিশোর হিসেবে তার মরদহ উদ্ধার করলেও পরে পরিবারের সদস্যরা শনাক্ত করেন।

নিহতের বড় ভাই ফুটবলার শাহ আলম জানান,সোমবার সকালে মাদ্রাসায় পরীক্ষা দিয়ে বাসায় ফিরে খেলার পোশাক পরে বাসা থেকে বের হয়। এরপর থেকে তার খোঁজ মিলছে না। নিখোঁজের একদিন পর মৃত অবস্থায় মেঘনা নদীতে তার মরদেহ ভেসে ওঠে।

চাঁদপুর সদর নৌ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আজমগীর হোসেন বিষয়টি নিশ্চিত করে জানান, স্থানীয়দের মাধ্যমে সংবাদ পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে মরদেহটি উদ্ধার করে।

এ ঘটনায় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে নিয়তের মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে ।

মঙ্গলবার রাতে জানাযার নামাজ শেষে পুরাণ বাজার মধ্যশ্রীরামদী কবরস্থানে তাকে দাফন করা হয়েছে। এই ঘটনায় এলাকায় সবার মাঝে গভীর শোকের ছায়া নেমে আসে।

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকালঃ ২০০৭
প্রতিষ্ঠান কোডঃ ৬৬০৪৮
ইআইআইএনঃ ১৩৫৬৪১
২৫% ছাড় ভর্তি চলছে!
কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
ফ্রি-ল্যান্সিং
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপণিবাগ পৌর সুপার মার্কেট
কুমিল্লা রোড, চাঁদপুর,
01712-856510, https://chandpurict.blogspot.com



চাঁদপুরে ট্রাফিকের অভিযানে

বিশ্লেষণে দেখা যায়, মোটরসাইকেল, ইজিবাইক ও সিএনজিচালিত অটোরিকশার বিরুদ্ধে উল্লেখযোগ্য সংখ্যক মামলা হয়েছে। এসব যানবাহনের চালকদের মধ্যে ট্রাফিক আইন অমান্য, প্রয়োজনীয় কাগজপত্র না থাকা, লাইসেন্সবিহীনভাবে গাড়ি চালানো, হেলমেট ব্যবহার না করা, ফিটনেসবিহীন যানবাহন সড়কে নামানো এবং অবৈধভাবে পার্কিং করার মতো বিভিন্ন অভিযোগ রয়েছে।

অভিযানে জব্দ করা যানবাহনের বিষয়ে ট্রাফিক বিভাগ জানায়, অক্টোবর মাসে পরিচালিত অভিযানে মোট ৫৪টি যানবাহন জব্দ করা হয়েছে। এর মধ্যে বর্তমানে ট্রাফিক পুলিশের হেফাজতে রয়েছে ৫৪টি যানবাহন। এছাড়া সেপ্টেম্বর মাসের অভিযানের আগ থেকেই আরও ৩৬৬টি জব্দকৃত যানবাহন ট্রাফিক পুলিশের হেফাজতে ছিল।

এদিকে চাঁদপুর শহরের যানজটপ্রবণ ও গুরুত্বপূর্ণ সড়কগুলোতে ট্রাফিক পুলিশের নজরদারি বাড়ানো হয়েছে। বিশেষ করে নতুন বাজার ও পুরান বাজার ব্রিজের গোড়া, শপথ চত্বর, বাসস্ট্যান্ড, ওয়ারলেস বাজার, বাবুরহাটসহ শহরের বিভিন্ন ব্যস্ততম সড়ক ও মোড়ে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। এসব এলাকায় যানবাহনের বৈধ কাগজপত্র যাচাই, অবৈধ পার্কিং নিয়ন্ত্রণ, সড়কে যান চলাচল স্বাভাবিক রাখা এবং চালক ও পথচারীদের মধ্যে ট্রাফিক আইন সম্পর্কে সচেতনতা তৈরিতে কাজ করছে ট্রাফিক বিভাগ।

ট্রাফিক পুলিশের এ ধরনের অভিযানের ফলে সড়কে আইন অমান্যকারী যানবাহন শনাক্ত করার পাশাপাশি যানবাহনের প্রয়োজনীয় কাগজপত্র যাচাই ও আইনগত ব্যবস্থা গ্রহণের কার্যক্রম অব্যাহত রয়েছে। তবে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মোড় ও ব্যস্ত সড়কে যানজট নিয়ন্ত্রণ এবং শৃঙ্খলা বজায় রাখা এখনো ট্রাফিক বিভাগের নিয়মিত কার্যক্রমের অন্যতম চ্যালেঞ্জ।

চাঁদপুর ট্রাফিক ইন্সপেক্টর (টিআই-অ্যাডমিন) প্রবীর কুমার দাশ বলেন, সড়কে শৃঙ্খলা বজায় রাখা, যানজট নিরসন এবং নিরাপদ চলাচল নিশ্চিত করতে প্রতিদিন নিয়মিত চেকপোস্ট, মোবাইল টহল ও বিশেষ অভিযান পরিচালনা করা হচ্ছে। ট্রাফিক আইন অমান্যকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হচ্ছে। ভবিষ্যতেও এ অভিযান আরও জোরদার করা হবে।

তিনি বলেন, ট্রাফিক পুলিশের উদ্দেশ্য কাউকে হয়রানি করা নয়; বরং সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং দুর্ঘটনা কমিয়ে আনা। যারা ট্রাফিক আইন অমান্য করবেন, প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া যানবাহন চালাবেন, ফিটনেসবিহীন যানবাহন সড়কে নামাবেন কিংবা বেপরোয়া গতিতে গাড়ি চালাবেন, তাদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। আইন সবার জন্য সমান।

প্রবীর কুমার দাশ আরও বলেন, জরিমানা আদায়ই ট্রাফিক পুলিশের মূল উদ্দেশ্য নয়। মানুষের মধ্যে ট্রাফিক আইন মেনে চলার অভ্যাস গড়ে তোলাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। চালক ও পথচারী সবাই সচেতন হলে সড়ক দুর্ঘটনা কমবে এবং যানজটও অনেকাংশে নিয়ন্ত্রণে আসবে। নিরাপদ সড়ক নিশ্চিত করতে ট্রাফিক বিভাগের পাশাপাশি সাধারণ মানুষের সহযোগিতাও অত্যন্ত প্রয়োজন।

সংশ্লিষ্টদের মতে, শুধু অভিযান ও জরিমানা আদায়ের মাধ্যমে সড়কে স্থায়ী শৃঙ্খলা প্রতিষ্ঠা সম্ভব নয়। চালকদের আইন মেনে চলা, নির্ধারিত স্থানে যানবাহন পার্কিং, বৈধ কাগজপত্র সঙ্গে রাখা এবং যাত্রী ও পথচারীদের সচেতনতা বাড়ানোর পাশাপাশি ট্রাফিক ব্যবস্থাপনায় সমন্বিত উদ্যোগ প্রয়োজন। নিয়মিত তদারকি ও জনসচেতনতা কার্যক্রম অব্যাহত থাকলে চাঁদপুর শহরের যানজট নিয়ন্ত্রণ এবং নিরাপদ সড়ক নিশ্চিত করার ক্ষেত্রে ইতিবাচক অগ্রগতি সম্ভব।

চাঁদপুরে জামায়াতের বিক্ষোভ

নেতাকর্মীরা। সকাল ৮টায় শহরের মিশন রোড শাহী মসজিদের সামনে থেকে শহর জামায়াতের আমির অ্যাডভোকেট শাহজাহান খানের নেতৃত্বে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। এ সময় নেতাকর্মীরা নিষিদ্ধ ছাত্রলীগের অবরোধ ঘোষণার প্রতিবাদে বিভিন্ন স্লোগান দেন। মিছিল থেকে 'লীগ ধর, জেলে ভর'সহ বিভিন্ন প্রতিবাদী স্লোগান দেয়া হয়।

সকালের বিক্ষোভ মিছিলে আরও উপস্থিত ছিলেন শহর জামায়াতের সহকারী সেক্রেটারি সাইফুল ইসলাম সবুজ খান, জামায়াত নেতা গোলাম মাওলা, সুলতান মাহমুদুল হাসান, আব্দুল হাই লাভলু, আলাউদ্দিন ঢালী, ফুয়াদ হোসাইনসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

এদিকে একই দাবিতে বিকেলে বাদ আছর শহরের বাস স্ট্যান্ড মসজিদের সামনে থেকে আরেকটি বিক্ষোভ মিছিল বের করা হয়। শহর জামায়াতের সেক্রেটারি শেখ বেলায়েত হোসেনের নেতৃত্বে মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। এ কর্মসূচিতে দলীয় নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

দিনব্যাপী পৃথক কর্মসূচির মধ্য দিয়ে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের অবরোধ কর্মসূচির বিরুদ্ধে নিজেদের অবস্থান জানান দেয় চাঁদপুর শহর জামায়াত।

চাঁদপুর সরকারি কলেজ

বিভিন্ন স্লোগান দিয়ে একটি মিছিল নিয়ে পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করেন।

বিক্ষোভ সমাবেশে জেলা ছাত্রদলের আহ্বায়ক মো. ইসমাইল হোসেন পাটোয়ারী হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, দেশের কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে নিষিদ্ধ ছাত্রলীগকে আর কোনো ধরনের অপকার্যক্রম করতে দেওয়া হবে না। তারা দেশবিরোধী কোনো কর্মকাণ্ডে জড়িত হওয়ার চেষ্টা করলে ছাত্রদল তা কঠোরভাবে প্রতিহত করবে।

মতলবে বিদ্যুৎস্পৃষ্টে চার

এসে তিনি বিদ্যুৎস্পৃষ্ট হন এবং গুরুতর আহত হয়ে ঘটনাস্থলেই সংজ্ঞাহীন হয়ে পড়েন।

পরে ভবনের বাসিন্দারা তাঁকে উদ্ধার করে দ্রুত মতলব দক্ষিণ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ডা. মেহেদী হাসান পরীক্ষা-নিরীক্ষা শেষে তাঁকে মৃত ঘোষণা করেন।

নিহত হেলেনা বেগম মতলব পৌরসভার মধ্য কলাদী এলাকার বাসিন্দা মো. শাহজাহান খানের স্ত্রী। তাঁর মূল বাড়ি উপজেলার উপাদী উত্তর ইউনিয়নের ডিঙ্গাভাঙা গ্রামের খান বাড়িতে। মৃত্যুকালে তিনি স্বামী, দুই ছেলে ও দুই মেয়েসহ অসংখ্য স্বজন রেখে গেছেন।

মতলব দক্ষিণ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হাফিজুর রহমান মানিক জানান, এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে। পরিবারের কোনো অভিযোগ না থাকায় বিকেলে প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শেষে মরদেহ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়।

দু'পক্ষের হামলায় আহত

উন্নয়নের তহবিলের টাকা এলাকার মুসল্লিরা মসজিদ কমিটির সভাপতি বিল্লাল হোসেন গাজীর কাছে হিসাব চাইলে দু'পক্ষের মধ্যে মারামারি শুরু হয়। এতে উভয় পক্ষের ১০জন আহত হয়েছে। গুরুতর আহতদের মধ্যে আলী আজম, কামাল হোসেন গাজী ও আনোয়ার হোসেন গাজী গুরুতর আহত হয়ে কচুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে। অন্যান্য আহতরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ বিভিন্ন ক্লিনিকে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়িতে রয়েছেন।

মসজিদের মুসল্লি ও কমিটির সদস্য দিদার গাজী জানান, মসজিদ কমিটির সভাপতি বিল্লাল হোসেন গাজীর স্বেচ্ছাচারিতা ও মসজিদের মুসল্লিদের অনুদানের টাকা আত্মসাৎ করার জন্য একটি পায়তারা শুরু করে। মসজিদের অনুদান তহবিলে জমা ৩৩ হাজার টাকার হিসাব চাইলে, ২০ হাজার টাকা মসজিদের বাবদ খরচ দেখায়। বাকি ১৩ হাজার টাকা হিসাব দিতে না পারায় সভাপতি বিল্লাল হোসেন এক পর্যায়ে তর্কবিতর্ক জড়িয়ে পড়ে। সভাপতির লোকজন দলবদ্ধ হয়ে আমাদের উপর চড়া হয়ে এলোপাথাড়ি হামলা চালায়। তাদের হামলায় মসজিদের মধ্যে আজম আলী, হৃদয় হোসেন, আরিফুল ইসলাম, জিলানী ও আলী হোসেন আহত হয়। আহতদের মধ্যে আজম আলী গুরুতর আহত হয়ে কচুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। বাকি আহতরা প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়িতে অবস্থান করছে।

তিনি আরো জানান, বিল্লাল হোসেন গাজীর লোকজন ঘটনার পরের দিন (৭ই নভেম্বর) সকালে বাড়ির পাশে আমার ছোট ভাই দোকানের কাছে একা পেয়ে তারপর উপর ক্ষিপ্ত হয়ে এলোপাথাড়ি কিলঘুষি মেরে আহত করেন। আমাকে যেখানে পাবে, ওই জায়গায় আক্রমণ করবে প্রকাশ্যে হুমকি দুমকি দেয়। তাদের হুমকির আতঙ্কের ভয়ে আমিও আমার পরিবার লোকজন নিরাপত্তাহীনতা রয়েছে।

মসজিদ কমিটির সাধারণ সম্পাদক গোলাম সরওয়ার জানান, মসজিদের হিসাব নিকাশ সভাপতির কাছ থেকে চাইতে গেলে মুসল্লিদের সাথে তর্কবিতর্ক জড়িয়ে পড়ে। এক পর্যায় উভয় পক্ষের মধ্যে হামলার ঘটনা ঘটে।

মসজিদ কমিটির সভাপতি বিল্লাল হোসেন গাজী জানান, মসজিদ ফান্ডের ১৩ হাজার টাকা ক্যাশ আমার কাছে রয়েছে। আমি প্রায় মসজিদ সংস্কারের জন্য ৫০ টাকা মালামাল ক্রয় করেছি। তারা যে অভিযোগগুলো উপস্থাপনা করেছে সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট।

ওই এলাকার মুসল্লী বাবুল গাজী বলেন, মসজিদের অনুদান তহবিলে ১৩ হাজার টাকা ছিলো। ওই টাকাসহ সভাপতি বিল্লাল হোসেন গাজীর ভাইয়ের কাছ আরো ২০ হাজার টাকা নিয়ে মজিদ সংস্কারের জন্য ৪ হাজার ইট ক্রয় করেন। সুস্থ ও তদন্তের মাধ্যমে ন্যায়বিচার দাবি করেছেন এলাকার মুসল্লীরা।

কচুয়া থানার অফিসার ইনচার্জ ওসি মোঃ আজিজুল ইসলাম জানান, উভয় পক্ষের অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের
অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী,
চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
RELIANCE TRANSLATION CENTER DHAKA
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত নির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

চার বছরের প্রেম, ছয় মাসের

মোহাম্মদপুর গ্রামের হানিফ বেপারীর মেয়ে। নিহতের স্বজনদের ভাষ্য, বিয়ের পর থেকেই বিভিন্ন সময় স্বামীর নির্যাতনের শিকার হতেন নিপা। পারিবারিক কলহ ও আর্থিক লেনদেন নিয়েও তাদের মধ্যে বিরোধ চলছিল। একাধিকবার সালিশ-বৈঠকের মাধ্যমে বিষয়টি মীমাংসার চেষ্টা করা হয়। তবে পরিস্থিতির উন্নতি হয়নি বলে অভিযোগ পরিবারের।

স্বজনদের দাবি, ঘটনার দিনও নিপাকে মারধর করা হয়। পরে মেয়েকে বাবার বাড়িতে নিয়ে আসার চেষ্টা করলেও রাত হয়ে যাওয়ায় সকালে পাঠানোর কথা বলে শ্বশুরবাড়ির লোকজন তাকে রেখে দেন। কিন্তু কিছুক্ষণ পরই ফোনে খবর আসে, নিপা আর বেঁচে নেই।

নিহতের বাবা হানিফ বেপারী কান্নাজড়িত কণ্ঠে বলেন, দীর্ঘদিন ধরে তারা আমার মেয়ের ওপর নির্যাতন চালিয়ে আসছে। একাধিকবার পারিবারিকভাবে বিষয়টি সমাধানের চেষ্টা করেও কোনো প্রতিকার পাওয়া যায়নি। এ ঘটনার সুষ্ঠু তদন্ত করে দায়ীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন তিনি।

এদিকে নিপার মৃত্যুর খবর ছড়িয়ে পড়ার পর স্বামী সিফাত, তার বাবা আবুল কালামসহ পরিবারের সদস্যদের কাউকে বাড়িতে পাওয়া যায়নি বলে দাবি করেছেন নিহতের স্বজনরা। তাদের অভিযোগ, মৃত্যুর পর পরিবারের সদস্যরা বাড়ি ছেড়ে চলে গেছেন।

মতলব উত্তর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মানস বড়ুয়া জানান, ঘটনাস্থলে গিয়ে একটি কক্ষে ওড়না ঝুলন্ত অবস্থায় এবং অন্য একটি কক্ষে নিপার মরদেহ পাওয়া যায়। মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি শেষে ময়নাতদন্তের জন্য চাঁদপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

আরও জানায়, ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেয়া হবে।

ফরিদগঞ্জে আ'লীগের আরও

হলেন, আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের গুপ্তি পূর্ব ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মিজানুর রহমান ভদ্র (৫০), পাইকপাড়া দক্ষিণ ইউনিয়ন আওয়ামীলীগ নেতা মোঃ শহিদ উল্যা খাঁন (৫২), বালিথুবা পশ্চিম ইউনিয়নের মোঃ আজগর গাজী (৪১), রূপসা এলাকার মোঃ দেলোয়ার (৩২), পৌরসভার কাছিয়াড়া এলাকার আল-আমিন (২১), পৌরসভার কেরোয়া এলাকার মেহেদী হাসান (২৩), রূপসা উত্তর ইউনিয়নের ওমর হোসেন (২০), একই এলাকার সাইফুল ইসলাম(২৩), রূপসা উত্তর ইউনিয়নের গান্দেরগাঁও এলাকার তৌহিদুল ইসলাম তামজিদ (২২)। পুলিশ সূত্রে জানা যায়, নাশকতা ও সন্ত্রাসী কর্মকাণ্ড ঠেকাতে এ অভিযান পরিচালনা করে হয়েছে। সারাদেশের ন্যায় সকল ধরনের নাশকতা ঠেকাতে এ অভিযান পরিচালনা করা হয়। পরে তাদের বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে নিয়মিত মামলা দায়ের করে মঙ্গলবার(১০ নভেম্বর) দুপুরে আদালতে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ এরশাদ উল্ল্যাহ জানান, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং যেকোনো ধরনের গোপন নাশকতা ও অপ্রীতিকর ঘটনা ঠেকাতে আমাদের এই বিশেষ অভিযান অব্যাহত রয়েছে। অপরাধীদের আইনের আওতায় আনতে এবং জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ সবসময় কঠোর ও সতর্ক অবস্থানে রয়েছে। উল্লেখ্য, গতচার দিনে এই পর্যন্ত ২৮জন আওয়ামীলীগ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ।

মতলব উত্তরে গোয়ালঘরে

সর্বস্ব হারিয়ে দিশেহারা হয়ে পড়েছেন কৃষক হযরত আলী শিকদার। মঙ্গলবার (১০ নভেম্বর) দিবাগত রাত আনুমানিক ১টার দিকে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

ক্ষতিগ্রস্ত হযরত আলী শিকদার জানান, রাতে ঘুমানো অবস্থায় শরীরে অতিরিক্ত তাপ অনুভব হলে তিনি ঘর থেকে বের হন। এ সময় গোয়ালঘরে দাউ দাউ করে আগুন জ্বলতে দেখেন। মুহূর্তের মধ্যে আগুনের লেলিহান শিখা চারদিকে ছড়িয়ে পড়ে। এ সময় গোয়ালঘরে বাধা থাকা দুটি গর্ভবতী গরু বের করার সুযোগ পাননি তিনি। আগুনে পুড়ে গরু দুটি ঘটনাস্থলেই মারা যায়, যার আনুমানিক বাজারমূল্য প্রায় তিন লাখ টাকা। এছাড়া গোয়ালঘরে রক্ষিত গরুর খাবার, ধান, একটি বাইসাইকেল এবং পাশের দোচালা ঘরটি সম্পূর্ণ ভস্মীভূত হয়ে যায়।

কান্নাজড়িত কণ্ঠে তিনি বলেন, "আমি নিঃস্ব হয়ে গেলাম, আমার সব শেষ। কীভাবে আগুনের সূত্রপাত হয়েছে তা বুঝতে পারছি না। আগুনে আমার প্রায় পাঁচ লাখ টাকার ক্ষতি হয়েছে। এখন কীভাবে সংসার চালাব, তা ভেবে পাচ্ছি না।"

এদিকে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের দুর্দশার খবর পেয়ে তাৎক্ষণিকভাবে আর্থিক সহায়তা প্রদান করেন ছেংগারচর পৌরসভার মেয়র পদপ্রার্থী প্রকৌশলী আব্দুল হাই শিকদার। তাঁর এই মানবিক সহায়তা বিপর্যস্ত পরিবারটির জন্য কিছুটা স্বস্তি বয়ে এনেছে।

ঘটনার বিষয়ে স্থানীয় পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক জহিরুল ইসলাম বলেন, হযরত আলী একজন দিনমজুর। বহু কষ্টে তিনি পরিবার পরিজন নিয়ে চলেন। আগুনে তাঁর শেষ সম্বলটুকু পুড়ে যাওয়ায় পরিবারটি চরম অসহায়ত্বের মধ্যে পড়েছে। তিনি ক্ষতিগ্রস্ত পরিবারটির পাশে দাঁড়াতে সরকার ও সমাজের বিত্তবান মানুষদের প্রতি উদাত্ত আহ্বান জানান।

স্থানীয় এলাকাবাসী জানান, আগুন লাগার পর তাঁরা প্রথমে তা নেভানোর আপ্রাণ চেষ্টা চালান। পরে ফায়ার সার্ভিস কর্মীরা এসে আগুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে আনেন। তবে ফায়ার সার্ভিস পৌঁছানোর আগেই গোয়ালঘর, দুটি গরু ও পার্শ্ববর্তী ঘরসহ মালামাল ছাই হয়ে যায়।

একমাত্র জীবিকার অবলম্বন হারিয়ে পরিবারটি এখন চরম অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছে। এমন পরিস্থিতিতে পরিবারটির দ্রুত পুনর্বাসনে সরকারি সহায়তার পাশাপাশি সমাজের দানশীল ব্যক্তিদের এগিয়ে আসার জোর দাবি জানিয়েছেন এলাকাবাসী।

চাঁদপুর জেলা বিএনপির কোষাধ্যক্ষ

গণ্যমান্য ব্যক্তিবর্গসহ বিপুলসংখ্যক মুসল্লি অংশগ্রহণ করেন।

জানাজা শেষে মরহুমাকে চাঁদপুর পৌর কবরস্থানে দাফন করা হয়।

মৃত্যুকালে তিনি দুই ছেলে, দুই মেয়ে, আত্মীয়স্বজন ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তার মৃত্যুতে পরিবার-পরিজন ও স্বজনদের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে। মরহুমার রুহের মাগফিরাত কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন জানাজায় অংশগ্রহণকারী নেতাকর্মী ও শুভাকাঙ্ক্ষীরা।

ফরিদগঞ্জে মাদ্রাসার মাঠে

যথাযথভাবে সম্পৃক্ত করা হচ্ছে না বলে অভিযোগ করা হয়েছে।

এ বিষয়ে স্থানীয় বাসিন্দা মো. হৃদয় মুন্সী গত ১৯ অক্টোবর ২০২৬ তারিখে চাঁদপুর-৪ (ফরিদগঞ্জ) আসনের সংসদ সদস্য এম এ হান্নানের কাছে এলাকার তরুণদের পক্ষে আবেদন করেন।

আবেদনে তিনি উল্লেখ করেন, এলাকায় পর্যাপ্ত খেলার মাঠ না থাকায় শিশু-কিশোর ও যুবসমাজ অবসর সময়ে সুস্থ বিনোদনের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। মাদ্রাসার মাঠটি কমিটির বিভিন্ন কারণ দেখিয়ে দীর্ঘদিন ধরে খেলাধুলার জন্য ব্যবহার করতে দেওয়া হচ্ছে না। ফলে এলাকার তরুণদের স্বাভাবিক খেলাধুলার পরিবেশ বাধাগ্রস্ত হচ্ছে। এ অবস্থায় মাঠটি উন্মুক্ত অথবা খেলাধুলার উপযোগী করে দিতে সংসদ সদস্যের হস্তক্ষেপ কামনা করেন তিনি।

এদিকে, গত ৮ অক্টোবর সচিবালয়ে ইউনিয়নভিত্তিক খেলার মাঠ স্থাপন ও ক্রীড়া কার্যক্রম সম্প্রসারণসংক্রান্ত এক সভায় প্রধানমন্ত্রী তারেক রহমান দেশের প্রতিটি ইউনিয়নে অন্তত একটি করে খেলার মাঠ গড়ে তোলার নির্দেশ দেন। আগামী দুই মাসের মধ্যে সারা দেশে কমপক্ষে এক হাজার খেলার মাঠ স্থাপনের নির্দেশনাও দেন তিনি। আগামী প্রজন্মের শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলার সুযোগ সম্প্রসারণের পাশাপাশি মাঠগুলো সবার জন্য উন্মুক্ত রাখার ওপর গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী। একই সঙ্গে মাঠটি সংস্কার এবং শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়মিত খেলাধুলার পরিবেশ নিশ্চিত করার বিষয়েও গুরুত্ব দেওয়া হয়।

প্রধানমন্ত্রীর এমন নির্দেশনার প্রেক্ষাপটে ফরিদগঞ্জের এই মাদ্রাসার মাঠটি শিক্ষার্থী ও স্থানীয় তরুণদের জন্য উন্মুক্ত করার দাবি আরও জোরালো হয়েছে। এলাকাবাসীর প্রশ্ন, যেখানে মাঠের অভাবে শিশু-কিশোরেরা খেলাধুলার সুযোগ পাচ্ছে না, সেখানে বিদ্যমান একটি মাঠ কেন তাদের জন্য ব্যবহারযোগ্য করা হবে না?

তবে মাঠটি উন্মুক্ত না করার পেছনে ভিন্ন ব্যাখ্যা দিয়েছেন মাদ্রাসার অধ্যক্ষ মো. আমির হোসেন। তিনি বলেন, মাদ্রাসার পেছনে দুজন পীর সাহেব শায়িত আছেন। মাঠে মাহফিলও অনুষ্ঠিত হয়। এ কারণে সেখানে খেলাধুলার অনুমতি দেওয়া হয় না। এতে তাঁদের প্রতি বেয়াদবি হতে পারে বলে মনে করেন তিনি।

অধ্যক্ষ আরও বলেন, অনেক সময় ব্যক্তিগত মতামতই কাল হয়ে দাঁড়ায়। মাদ্রাসার সভাপতি তাঁর ঊর্ধ্বতন হওয়ায় সভাপতির সিদ্ধান্তের বাইরে যাওয়ার সুযোগ তাঁর নেই।

এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোস্তফা কামাল বলেন, অধ্যয়নরত ও প্রাক্তন শিক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে তিনি মাদ্রাসার মাঠ পরিদর্শন করেছেন। মাদ্রাসার মূল মাঠটি বর্তমানে খেলাধুলার অনুপযোগী হওয়ায় আপাতত ইবতেদায়ি শাখার সামনের মাঠটি ব্যবহারের পরামর্শ দেওয়া হয়েছে। মূল মাঠটি খেলাধুলার উপযোগী করতে হলে অর্থ বরাদ্দের প্রয়োজন হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মেহেদী হাসান মানিক বলেন, বিষয়টি নিয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে তদন্ত করতে বলা হয়েছে। তিনি তদন্ত করে বিকল্প মাঠ ব্যবহারের প্রস্তাব দিয়েছেন।

স্থানীয় ক্রীড়াপ্রেমীদের দাবি, মাঠটি শুধু একটি প্রতিষ্ঠানের সম্পদ হিসেবে সীমাবদ্ধ না রেখে শিক্ষার্থী ও এলাকার শিশু-কিশোরদের শারীরিক ও মানসিক বিকাশের বিষয়টিও বিবেচনায় নেওয়া প্রয়োজন। প্রয়োজনীয় সংস্কার ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে নির্দিষ্ট সময়সূচিতে মাঠটি ব্যবহারের সুযোগ তৈরি করা সম্ভব বলে মনে করছেন তাঁরা।

তাঁদের প্রত্যাশা, প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উদ্যোগ নিয়ে মাদ্রাসার মাঠটি খেলাধুলার জন্য উন্মুক্ত করবে। এতে নতুন প্রজন্ম মাদক ও অসামাজিক কর্মকাণ্ড থেকে দূরে থেকে সুস্থ বিনোদন, খেলাধুলা ও সামাজিক সম্প্রীতির পরিবেশ পাবে।

চাঁদপুরে আ.লীগের ১৬

আসামি ও সাজাপ্রাপ্ত ছয়জন, কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের ১৬ নেতাকর্মী, চাঁদাবাজির অভিযোগে একজন এবং মাদকসংক্রান্ত অপরাধে জড়িত পাঁচজন রয়েছেন।

পুলিশের বিশেষ অভিযানে কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের নেতাকর্মীদের মধ্যে চাঁদপুর সদর মডেল থানা এলাকা থেকে ছয়জন, ফরিদগঞ্জ থেকে চারজন, মতলব দক্ষিণ থেকে দুজন, হাজীগঞ্জ থেকে দুজন এবং শাহরাস্তি থেকে দুজনকে গ্রেপ্তার করা হয়েছে।

জেলার বিভিন্ন স্থানে মাদকবিরোধী অভিযান চালিয়ে পাঁচজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ সময় ইয়াবা ও গাঁজা উদ্ধার করা হয়।

ফরিদগঞ্জ থানা পুলিশ দুজনকে গ্রেপ্তার করে ১০ পিস ইয়াবা উদ্ধার করে। মতলব উত্তর থানা পুলিশ দুজনকে গ্রেপ্তার করে ১৫০ গ্রাম গাঁজা ও সাত পিস ইয়াবা জব্দ করে। এছাড়া হাজীগঞ্জ থানা পুলিশ একজনকে গ্রেপ্তার করে পাঁচ পিস ইয়াবা উদ্ধার করেছে। অন্যদিকে, চাঁদপুর সদর মডেল থানা পুলিশ চাঁদাবাজির অভিযোগে একজনকে গ্রেপ্তার করেছে। একই থানা এলাকায় মাদকসেবী ও সন্দেহভাজন হিসেবে আরও আটজনকে আটক করা হয়।

চাঁদপুরে কিশোর গ্যাংয়ের অপরাধ দমনে পৃথক অভিযান পরিচালনা করেছে পুলিশ। এ অভিযানে চাঁদপুর সদর মডেল থানা এলাকা থেকে চারজন, হাইমচর থেকে একজন, ফরিদগঞ্জ থেকে পাঁচজন, মতলব উত্তর থেকে ছয়জন এবং হাজীগঞ্জ থেকে তিনজনসহ মোট ১৯ জনকে আটক করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, আটক কিশোরদের পরিচয় ও সংশ্লিষ্টতা যাচাই-বাছাই করা হয়েছে। এদিকে জিআর মামলার আসামি ও বিভিন্ন মামলায় সাজাপ্রাপ্ত ছয়জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। তাঁদের মধ্যে হাইমচর থেকে একজন, মতলব উত্তর থেকে একজন, শাহরাস্তি থেকে দুজন, হাজীগঞ্জ থেকে একজন এবং কচুয়া থেকে একজন রয়েছেন।

চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) নাদিয়ার নূর জানান, আটক কিশোরদের যাচাই-বাছাই শেষে পরিবারের জিম্মায় দেওয়া হয়েছে। গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

তিনি আরও জানান, জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখা এবং অপরাধ দমনে পুলিশের এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

মতলবে আইসিডিডিআরবি

সদরের খানিকটা দক্ষিণে, মতলব-বাবুরহাট সড়কের পশ্চিম পাশে অবস্থিত আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশের (আইসিডিডিআরবি) মতলব হাসপাতালের দুটি চত্বরে। হাসপাতালের আয়তাকার বিশাল ভবনের মাঝখানের চত্বর দুটিতে রয়েছে রঙ্গন, কতবেল, পেয়ারা, মাধবীলতা ও হাসনাহেনাসহ নানা ফুল-ফলের সাজানো বাগান।

প্রতিদিন বিকেলে চড়ুই পাখিরা যখন হাসপাতালের ছাদ, রেলিং এবং গাছের ডালে এসে আশ্রয় নেয়, তখন পুরো এলাকা এক উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করে। এই অপূর্ব দৃশ্য উপভোগ করতে হাসপাতালের বারান্দায় ভিড় করেন রোগী ও তাদের স্বজনেরা। অনেকেই শখ করে এই সুন্দর মুহূর্তের ছবি তুলছেন এবং ভিডিও করে রাখছেন। বাইরে থেকে সাধারণ মানুষও আসছেন এই দৃশ্য দেখতে।

এ বিষয়ে মতলব দক্ষিণ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) কে এম ইশমাম জানান, চড়ুই পাখির এই মিলনমেলার বিষয়টি তিনি জেনেছেন এবং এটি দেখতে হাসপাতাল পরিদর্শনে যাবেন। তিনি মনে করেন, এটি মানুষ, পাখি ও প্রকৃতির একটি নিরাপদ সহাবস্থানের তাৎপর্যপূর্ণ উদাহরণ।

কখন আসে এবং কতক্ষণ থাকে চড়ুই?

হাসপাতালের জ্যেষ্ঠ চিকিৎসক চন্দ্রশেখর দাস জানান, প্রায় সাত বছর ধরে প্রতিদিন সন্ধ্যার আগে হাজারো চড়ুই পাখি এই বাগানে উড়ে আসে। সন্ধ্যার পর তাদের কিচিরমিচির শব্দ বন্ধ হয়ে যায় এবং রাতে তারা চুপটি মেরে বসে থাকে। এভাবে রাত কাটিয়ে ভোরে সূর্য ওঠার সঙ্গে সঙ্গে দল বেঁধে তারা উড়ে যায়। বছরের আগস্ট মাস থেকে শুরু করে টানা মে মাস পর্যন্ত পাখিগুলো এখানে আসে। তবে গত বছর (মাঝের একটি বছর) কোনো এক অজানা কারণে তারা আসেনি। হাসপাতালের কোনো রোগী বা কর্মরত স্টাফ পাখিদের বিরক্ত করেন না, ফলে এটি তাদের জন্য একটি নিরাপদ 'রাত্রিনিবাস' হয়ে উঠেছে। হাসপাতালের অন্যান্য চিকিৎসক ও কর্মচারীরাও একই অভিজ্ঞতার কথা জানিয়েছেন।

মুগ্ধ রোগী ও স্বজনেরা

নোয়াখালীর চাটখিল থেকে আসা ফাতেমা আক্তার নামে এক দর্শনার্থী জানান, একসঙ্গে এত চড়ুই পাখি তিনি জীবনেও দেখেননি। এই দৃষ্টিনন্দন দৃশ্য দেখে তিনি আপ্লুত এবং স্মৃতি হিসেবে ভিডিও ও ছবি তুলে রেখেছেন। নোয়াখালী থেকে আসা সাদ্দাম হোসেন নামের এক রোগীও সুস্থ হয়ে বাড়ি ফেরার আগে এই দৃশ্য দেখে নিজের মুগ্ধতার কথা প্রকাশ করেন।

কেন এই চত্বরটি পাখিদের পছন্দ?

মতলব সরকারি ডিগ্রি কলেজের ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগের অবসরপ্রাপ্ত শিক্ষক অশোক কুমার রায় জানান, পাখিরা তাদের নিজস্ব ব্যাকরণ ও নীতি মেনে চলে। যেখানে তারা নিজেদের সবচেয়ে নিরাপদ মনে করে, দল বেঁধে সেখানেই যায়। এই হাসপাতালের বাগানটি নিরাপদ হওয়ায় তারা এটিকে বেছে নিয়েছে। রাতে পাখিদের চুপ থাকার বিষয়ে তিনি বলেন, অধিকাংশ পাখি রাতের বেলায় ভালো দেখতে পায় না, তাই তারা রাতে সাধারণত চুপচাপ থাকে।

আইসিডিডিআরবির মতলব হাসপাতালের স্টেশনপ্রধান আল ফজল খান বলেন, হাসপাতাল চত্বরের বাগানে এত বিপুল সংখ্যক চড়ুই পাখির আগমন অত্যন্ত ইতিবাচক এবং এটি প্রকৃতি, পাখি ও মানুষের এক অপূর্ব মিলনমেলা।

সরকার ব্যর্থ হলে বিরোধী দল

বিশ্ববিদ্যালয়ে পরপর তিন দিন ককটেল ফুটেছে এবং আজকেও সেখানে দুজন আহত হয়েছে।

এছাড়াও পার্বত্য সীমান্ত এলাকায় সন্ত্রাসীদের দমন করতে গিয়ে তরুণ সেনাসদস্যের শাহাদাত, সাজেক ভ্যালিতে অস্থিতিশীলতা, গোপালগঞ্জে পুলিশের গাড়িতে হামলা ও অগ্নিসংযোগ এবং সরকারি-বিরোধী দলের নেতাকর্মীদের ওপর ধারাবাহিক হামলার চিত্র তুলে ধরেন তিনি।

আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিষ্ক্রিয়তা নিয়ে প্রশ্ন তুলে ডা. শফিকুর রহমান বলেন, দেশে বিজিবি, পুলিশ, আনসার ব্যাটালিয়নসহ স্তরে স্তরে বাহিনী থাকা সত্ত্বেও এতগুলো নাশকতার পর অপরাধীদের গ্রেপ্তারের কোনো হদিস মিলছে না। কয়েকজনকে জনগণ ধরে দিলেও বাহিনীগুলো কোনো দৃশ্যমান অগ্রগতি দেখাতে পারেনি। তিনি অভিযোগ করেন, স্পষ্টত আইন শৃঙ্খলার দায়িত্বশীল মন্ত্রণালয়কে আমরা অকার্যকর দেখতে পাচ্ছি।

এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর নীরবতার সমালোচনা করে তিনি বলেন, পরিস্থিতির অবনতি হলেও স্বরাষ্ট্রমন্ত্রী সংসদে নিজ থেকে কোনো বিবৃতি দেননি। দেশের এই পরিস্থিতির দায় সরকার ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় কোনোভাবেই এড়াতে পারে না উল্লেখ করে এ বিষয়ে অবিলম্বে স্বরাষ্ট্রমন্ত্রীর পক্ষ থেকে জাতির সামনে স্পষ্ট বক্তব্য উপস্থাপনের জোর দাবি জানান তিনি।

সরকারি দলের একজন অনির্বাচিত প্রতিমন্ত্রীর আচরণ তুলে ধরে তিনি অভিযোগ করেন, বিরোধী দলের এক সংসদ সদস্যকে ফোন করে শাসানোর সুরে কথা বলা হয়েছে। অন্যদিকে একটি গোয়েন্দা সংস্থা থেকে বিরোধী দলের সংসদ সদস্যকে জামায়াত ছাড়ার জন্য চাপ দেওয়া হচ্ছে উল্লেখ করে তিনি প্রশ্ন তোলেন, একটি গোয়েন্দা সংস্থার সদস্যের কি এই অধিকার আছে? আমরা কি আবার সাড়ে ১৫ বছরের সেই পুরোনো অন্ধকার যুগে ফিরে যাচ্ছি?

ফ্যাসিবাদ পুনর্বাসনের আশঙ্কা প্রকাশ করে জামায়াত আমির কঠোর হুঁশিয়ারি দিয়ে বলেন, আমাদের সন্তানদের রক্ত এখনো আমাদের চোখের সামনে তাজা। এই ভাসমান রক্তের ওপর দিয়ে বাংলাদেশে ফ্যাসিবাদের পুনর্বাসন কোনোভাবেই হতে দেওয়া হবে না।

তিনি স্পষ্ট করেন, বর্তমান জাতীয় সংকট মোকাবিলায় সরকার যদি দায়িত্ব পালন করতে না পারে, তবে দায় বিরোধী দল নেবে না। প্রয়োজনে জনগণকে সাথে নিয়ে বিরোধী দল নিজেদের দায়িত্ব পালন করবে। তবে সংকট উত্তরণে সরকার চাইলে বিরোধী দল আন্তরিকভাবে সরকারকে সর্বাত্মক সহযোগিতা করতে প্রস্তুত রয়েছে বলেও জানান তিনি।

চাঁদপুরে বিএনপি-জামায়াতের

খান নিজের ফেসবুক স্ট্যাটাসে শহরের রাজপথে অবস্থানের ছবি সহ লিখেন- ওয়েলকাম, ১৭ বছর রাজপথে ছিলাম.. আমড়া দেশ থেকে পালাইনি... আজ ও আছি ... রাজপথ আমাদের ঠিকানা..... ।

চাঁদপুর পৌর ছাত্রদলের সাধারণ সম্পাদক ফয়েজ ঢালীর নেতৃত্বে ৭ নম্বর ওয়ার্ড ছাত্রদলের নেতাকর্মীরা লঞ্চঘাট এলাকায় অবস্থান নেন। পুরাণ বাজার লোহারপোল চত্বর, ব্রীজের গোড়া, নতুন বাজার মোড়, চাঁদপুর কোর্ট এলাকা এবং ১২ নম্বর ওয়ার্ডেও বিএনপির অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীদের শক্ত অবস্থানে দেখা গেছে।

একই সঙ্গে চাঁদপুর শহর জামায়াতের নেতাকর্মীদেরও রাজপথে মহড়া দিতে দেখা গেছে। শহর জামায়াতের নেতা অ্যাডভোকেট মো. শাজাহান খানের নেতৃত্বে দলটির নেতাকর্মীরা রাজপথে উপস্থিত ছিলেন।

শহরের পাশাপাশি চাঁদপুর সদরের ৭ নম্বর তরপুরচণ্ডী, ৩ নম্বর ওয়ার্ড এবং ২ নম্বর আশিকাটি ইউনিয়নে ফ্যাসিস্ট নৈরাজ্যের বিরুদ্ধে অবস্থান কর্মসূচি পালিত হয়। চাঁদপুর-কুমিল্লা আঞ্চলিক মহাসড়কে স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা জনসাধারণের জানমালের নিরাপত্তায় পাহারায় ছিলেন। এ ছাড়া হাইমচর উপজেলাতেও বিএনপি ও সহযোগী সংগঠনগুলোর প্রতিরোধমূলক তৎপরতা ছিল চোখে পড়ার মতো।

সামাজিক যোগাযোগমাধ্যমেও রাজপথে থাকার বিভিন্ন ছবি ও ভিডিও প্রকাশ করে কড়া বার্তা দেন স্থানীয় যুবদল ও বিএনপি নেতারা। জেলা যুবদল নেতা ইউসুফ মিয়াজী, সালাউদ্দিন বেপারী, যুবদল নেতা মো. শিমুল তালুকদার, জাসাস নেতা শাওন পাটোয়ারী এবং বিএনপি নেতা কাজি সোহেলসহ অনেকে ফেসবুক পোস্টে জানান, সাধারণ মানুষের স্বাভাবিক জীবনযাত্রা বিঘ্নিত করার যেকোনো অপচেষ্টা রাজপথেই প্রতিহত করা হবে।

নেপথ্যে শহীদ স্তম্ভে আগুন ও বর্তমান পরিস্থিতি

জুলাই আন্দোলনের পর পরিবর্তিত রাজনৈতিক প্রেক্ষাপটে আওয়ামী লীগের সাংগঠনিক কার্যক্রম নিষিদ্ধ হলেও সম্প্রতি চাঁদপুরের রাজনৈতিক অঙ্গন উত্তপ্ত হয়ে ওঠে।

গত শুক্রবার ৭ নভেম্বর জুমার নামাজের সময় চাঁদপুর কেন্দ্রীয় শহিদ মিনার প্রাঙ্গণে 'ছত্রিশ জুলাই শহীদ স্মৃতিস্তম্ভে' অগ্নিসংযোগের ঘটনা ঘটে। ওই ঘটনার পর থেকেই স্থানীয় বিএনপি, সমমনা দলসমূহ এবং জেলা প্রশাসন অতিরিক্ত সতর্কতা অবলম্বন শুরু করে। নাশকতার আশঙ্কায় জেলাজুড়ে পুলিশের বিশেষ অভিযান অব্যাহত রয়েছে। ইতোমধ্যে জেলা আওয়ামী লীগের সভাপতিসহ বহু নেতাকর্মীকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানা গেছে।

এদিকে, ক্ষমতাচ্যুত শেখ হাসিনার দেশে ফেরা ও নতুন পাসপোর্টের আবেদনের কেন্দ্র করে সৃষ্টি হওয়া চলমান আলোচনার প্রেক্ষাপটে চাঁদপুরসহ দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ জেলায় নিরাপত্তাব্যবস্থা জোরদার করা হয়েছে। আজ দিনভর শহরের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোতে পুলিশের টহল ও কঠোর নজরদারি অব্যাহত ছিল।

এখানে উল্লেখ্য, বিগত সময়ে আওয়ামী লীগ ক্ষমতায় থাকাকালীন বিরোধী দলের কর্মসূচির বিরোধিতা করে অনুরূপ রাজনৈতিক অবস্থান কর্মসূচি নিয়ে মাঠে ছিল ।

মতলবে এতিম শিশুদের

খাবার, পবিত্র কোরআন খতম, দোয়া, আলোচনা সভা ও কেক কাটার আয়োজন করা হয়।
মঙ্গলবার (১০ নভেম্বর) মতলব উত্তর উপজেলার দশানী এতিমখানা মাদ্রাসায় দিনব্যাপী এ আয়োজন অনুষ্ঠিত হয়। এনপিবি নিউজের মতলব প্রতিনিধি মমিনুল ইসলামের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে এতিম শিক্ষার্থীদের সঙ্গে অতিথিরা খাবারে অংশ নেন।
আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন চাঁদপুরের সহকারী পুলিশ সুপার (মতলব সার্কেল) জাবীর হুসনাইন সানীব। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন মতলব উত্তর উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ ফয়সাল মোহাম্মদ আলী ও মতলব উত্তর থানার অফিসার ইনচার্জ (ওসি) মানস বড়ুয়া। বক্তারা বলেন, সংবাদমাধ্যমের দায়িত্ব শুধু সংবাদ পরিবেশনেই সীমাবদ্ধ নয়, সমাজের অসহায় ও সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোও গণমাধ্যমের নৈতিক দায়িত্ব। এতিম শিশুদের সঙ্গে প্রতিষ্ঠাবার্ষিকীর আনন্দ ভাগাভাগি করার এমন উদ্যোগ প্রশংসনীয়। তারা আশা প্রকাশ করেন, এনপিবি নিউজ ভবিষ্যতেও সত্য, বস্তুনিষ্ঠ ও তথ্যনির্ভর সংবাদ পরিবেশনের পাশাপাশি সামাজিক দায়বদ্ধতা থেকে মানবিক কর্মকাণ্ড অব্যাহত রাখবে।
দৈনিক ইত্তেফাকের প্রতিনিধি ও মতলব উত্তর উপজেলা দুর্নীতি দমন প্রতিরোধ কমিটির সভাপতি শামসুজ্জামান ডলারের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য দেন নাউরী আহমদিয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক একেএম তাজুল ইসলাম, একলাশপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান, উপজেলা প্রাথমিক সহকারী শিক্ষক সমিতির সভাপতি আব্দুল বাতেন মাস্টার, কলাকান্দা ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মেহেদী হাসান, দৈনিক ইনকিলাবের প্রতিনিধি মাহবুব আলম লাভলু, দৈনিক প্রিয় চাঁদপুরের সম্পাদক ও প্রকাশক বোরহানউদ্দিন ডালিম, আমার দেশের প্রতিনিধি শেখ ওমর ফারুক, বাংলাদেশের আলোর প্রতিনিধি জাকির হোসেন বাদশা এবং নয়া দিগন্তের প্রতিনিধি সুমন আহমেদ। অনুষ্ঠানে মিলাদ ও দোয়া মাহফিল পরিচালনা করেন দশানী আল-আমীন বোরহানুল উলুম দাখিল মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা হাবীবুল্লাহ। এ সময় উপস্থিত ছিলেন দৈনিক খবরপত্রের প্রতিনিধি ইসমাইল খান টিটু, জবাবদিহির প্রতিনিধি শফিকুল ইসলাম রানা, আমার সংবাদের প্রতিনিধি লিয়াকত হোসাইন রাফেদ, বিজয় টিভির প্রতিনিধি কামরুল হাসান রাব্বি, দৈনিক মাতৃভূমি খবরের প্রতিনিধি আমিনুল ইসলাম আল আমিন, চ্যানেল এস এর প্রতিনিধি শামীম আহমেদ জয়, দেশ রূপান্তরের প্রতিনিধি নাজমুল হাসান, দৈনিক প্রিয় চাঁদপুরের প্রতিনিধি এমদাদুল হক মানিক, দৈনিক সংগ্রামের প্রতিনিধি মুরাদুজ্জামান, দৈনিক খবরের কাগজের প্রতিনিধি শাহাদাত হোসেন, দৈনিক জনবানীর প্রতিনিধি মেরাজ উদ্দিন শুভ কন্টেন্ট ক্রিয়েটর রাজিব সৈয়াল'সহ বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিক, শিক্ষক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা। অনুষ্ঠানে সহকারী পুলিশ সুপার জাবীর হুসনাইন সানীব বলেন, এতিম শিশুদের সঙ্গে প্রতিষ্ঠাবার্ষিকীর আনন্দ ভাগাভাগি করার এই উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়। গণমাধ্যমের এমন মানবিক ও সামাজিক কর্মকাণ্ড সমাজে ইতিবাচক বার্তা ছড়িয়ে দেবে। উপজেলা কৃষি কর্মকর্তা ফয়সাল মোহাম্মদ আলী বলেন, প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এতিম শিশুদের নিয়ে এমন আয়োজন সত্যিই আনন্দের। সংবাদ পরিবেশনের পাশাপাশি মানবিক ও সামাজিক দায়িত্ব পালনে এনপিবি নিউজের এ উদ্যোগ অব্যাহত থাকবে বলে প্রত্যাশা করি। আলোচনা সভায় বক্তারা আরও বলেন, প্রতিষ্ঠার মাত্র এক বছরের মধ্যে এনপিবি নিউজ পাঠকের আস্থা ও বিশ্বাস অর্জনে সক্ষম হয়েছে। পেশাদারত্ব, দায়িত্বশীলতা ও সাংবাদিকতার নীতিমালা অনুসরণ করে সংবাদমাধ্যমটি আগামী দিনে আরও এগিয়ে যাবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানের শেষপর্বে এনপিবি নিউজের উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। পরে অতিথি ও এতিম শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটা হয়।

মাওলানা ভাসানীর ৫০তম

শ্যামাপদ ঘোষ ভুলুর সভাপতিত্বে প্রধান আলোচক হিসেবে বক্তব্য দেন- কেন্দ্রিয় ভাষাণী পরিষদের সাধারণ সম্পাদক ডা.হারুন অর রশিদ, সদস্য তাহেরা বেগম জলি ও অনুপ কুন্ডু ।
উপস্থিত ব্যাক্তিবর্গের মধ্যে উম্মুক্ত আলোচনায় অংশ নেন্ সাংস্কৃতিক ব্যাক্তিত্ব রফিকুল ইসলাম, এ্যাড. বিধূভূষণ পলাশ ও গণমাধ্যম ব্যাক্তি আবদুল গনি। বক্তাগণ ৫০তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে মাওলানা আবদুল হামিদ খান ভাসানীর রাজনৈতিক ও সংগ্রামী জীবন নিয়ে আলোচনা করেন।
আলোচনা সভায় বক্তাগণ বলেন, ''মাওলানা আবদুল হামিদ খান ভাসানী যিনি 'মজলুম জননেতা' ও ' মাওলানা ভাষানী' নামে সমধিক পরিচিত ছিলেন। ব্রিটিশ ভারত, পাকিস্তান ও বাংলাদেশের রাজনীতির অন্যতম প্রভাবশালী ও আইকনিক নেতা ছিলেন। তিনি মজলুম জননেতা, শোষিত ও বঞ্চিত মানুষের নেতা এবং ইসলামিক সমাজতান্ত্রিক ভাবধারার জননেতা ছিলেন। তিনি আসাম ও বাংলায় কৃষক আন্দোলন এবং খিলাফত আন্দোলনে সক্রিয় ভূমিকা পালন করেন। দেওবন্দ মাদরাসায়ও তিনি পড়াশোনা করেছেন বরে তাঁকে মাওলানা বলে ডাকত।''
তিনি পাকিস্তান আওয়ামী মুসলিম লীগের (পরবর্তীতে বাংলাদেশ আওয়ামী লীগ) প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন। পরবর্তীতে মতপার্থক্যের কারণে তিনি ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) গঠন করেন। ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট গঠন, ১৯৫২ সালের ভাষা আন্দোলন, ১৯৬৯-এর গণঅভ্যুত্থান এবং ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে তিনি উপদেষ্টা পরিষদের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৭৬ সালের মে মাসে ভারতের একতরফা পানি প্রত্যাহারের প্রতিবাদে ঐতিহাসিক ফারাক্কা লং মার্চে নেতৃত্ব দেন। ১৯৭৭ সালে তাঁকে মরণোত্তর স্বাধীনতা পুরস্কার এবং ২০০২ সালে একুশে পদক প্রদান করা হয়।
তাঁর নামের সাথে 'ভাসানী' যুক্ত হওয়ার পেছনে একটি ঐতিহাসিক আন্দোলন জড়িয়ে রয়েছে। ১৯২৯ সালে আসামের ধুবড়ী জেলার ব্রহ্মপুত্র নদের একটি ভাসমান চরে তিনি বাঙালি কৃষকদের অধিকার রক্ষায় এক বিশাল কৃষক সম্মেলনের আয়োজন করেন। এ সম্মেলনের পর থেকেই স্থানীয় সাধারণ মানুষ তাঁকে ভালোবেসে 'মাওলানা ভাসানী' বলে ডাকতে শুরু করে।''
মাওলানা ভাসানী এ বর্ণবাদী ও বৈষম্যমূলক আইনের বিরুদ্ধে তীব্র গণআন্দোলন গড়ে তোলেন এবং আসামে বাঙালিদের অধিকার প্রতিষ্ঠা করেন। ১৯৫৭ সালের ফেব্রুয়ারি মাসে টাঙ্গাইলের কাগমারীতে মাওলানা ভাসানী একটি আন্তর্জাতিক সাংস্কৃতিক ও রাজনৈতিক সম্মেলন ডাকেন- যা কাগমারী সম্মেলন নামে ইতিহাসে বিখ্যাত। এ সম্মেলনে তৎকালীন পাকিস্তানের কেন্দ্রীয় সরকারের চরম বৈষম্যমূলক আচরণের তীব্র সমালোচনা করেন।
পাকিস্তানের ঔপনিবেশিক শোষণের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করে তিনি তাঁর বিখ্যাত হুঁশিয়ারি উচ্চারণ করেন–"আসসালামু আলাইকুম" (অর্থাৎ,শোষণ বন্ধ না হলে পূর্ব পাকিস্তান পশ্চিম পাকিস্তানকে বিদায় জানাবে)। এ বক্তব্যটি ছিল বাংলাদেশের স্বাধীনতার অন্যতম প্রাথমিক পরোক্ষ ঘোষণা।
রাজনীতির পাশাপাশি তিনি সাধারণ মানুষের শিক্ষার প্রসারে কাজ করে গেছেন। তিনি সন্তোষে ইসলামী বিশ্ববিদ্যালয় (যা বর্তমানে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) প্রতিষ্ঠার স্বপ্ন দেখেছিলেন এবং এর ভিত্তি স্থাপন করেছিলেন।
এছাড়া তিনি বেশ কিছু শিক্ষাপ্রতিষ্ঠান ও সামাজিক আশ্রম তৈরি মাওলানা ভাসানী ক্ষমতার রাজনীতি বা কোনো বড় পদের লোভ কখনো করেননি। তিনি সবসময় লুঙ্গি, সাধারণ পাঞ্জাবি ও মাথায় টুপি পরে অতি সাধারণ মানুষের মতো জীবন কাটাতেন। টাঙ্গাইলের সন্তোষে একটি সাধারণ কুঁড়েঘরে তিনি জীবনের শেষ দিনগুলো পার করেছেন এবং মৃত্যুর পর সেখানেই তাঁকে সমাহিত করা হয়। তিনি ১২ ডিসেম্বর ১৮৮০ সালে সিরাজগঞ্জের ধানগাড়া গ্রামে জন্মগ্রহণ করেন এবং ১৭ নভেম্বর ১৯৭৬ সালে ঢাকায় মৃত্যুবরণ করেন।

মিয়া ভাই কনটেন্ট ক্রিয়েটর

বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে মহান আল্লাহর কাছে দোয়া করেছেন। মহান আল্লাহ তাঁকে জান্নাতুল ফেরদৌস নসিব করুন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের এই অপূরণীয় ক্ষতি সহ্য করার শক্তি দান করুন। আমিন।

কচুয়ায় 'রক্তখুঁজি' ওয়েবসাইটের

কেক কাটার মাধ্যমে ওয়েবসাইটটির আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করা হয়।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা অমিত রায়। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা আবু ইসহাক। এ সময় উপজেলা শিক্ষা কর্মকর্তা আলী আশরাফ, সংগঠনের প্রধান উপদেষ্টা মাসুদ এলাহি সুভাস এবং উপদেষ্টা হোসেন ইমাম মুন্সীসহ বিভিন্ন শ্রেণি-পেশার গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানে বক্তারা 'রক্তখুঁজি' ওয়েবসাইটের প্রয়োজনীয়তা ও সম্ভাবনা নিয়ে আলোচনা করেন। তাঁদের প্রত্যাশা, এই ওয়েবসাইটের মাধ্যমে জরুরি প্রয়োজনে রক্তদাতা খুঁজে পাওয়া আরও সহজ হবে এবং স্বেচ্ছায় রক্তদানে মানুষের আগ্রহ বাড়বে।
আয়োজকদের মূল লক্ষ্য হলো, 'রক্তখুঁজি' ওয়েবসাইটটিকে সর্বস্তরের মানুষের কাছে পরিচিত করে তোলা এবং পর্যায়ক্রমে স্কুল-মাদরাসাসহ দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও প্রত্যন্ত অঞ্চলে এর কার্যক্রম ছড়িয়ে দেওয়া।

হাইমচরে ঢেউটিন

চেক তুলে দেন হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. নজরুল ইসলাম।
এ সময় উপস্থিত ছিলেন হাইমচর উপজেলা বিএনপির সভাপতি মো. আমিন উল্লাহ বেপারী, সাধারণ সম্পাদক মো. মাজহারুল ইসলাম শফিক পাটওয়ারী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সোহেল রানা পাপ্পু এবং উপজেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা।
এ উদ্যোগের মাধ্যমে অসহায় ও ক্ষতিগ্রস্ত মানুষের আবাসন ও আর্থিক সংকট মোকাবিলায় সহায়তা প্রদানের পাশাপাশি তাদের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখবে বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন।





চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ
CHANDPUR AL-AMIN HOSPITAL
আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৭১২১২৯৩২০
বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য),এমপিএইচ(বিএসএমএমইউ) সার্টিফাইভ ফেলো কার্ডিওলজী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন নিউরোমেডিসিন হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার) এমবিবিএস(সিএমসি), বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস(ইএনটি) জাতীয় নাক, কান, গলা, ইনস্টিটিউট তেজগাঁও, ঢাকা (এক্স)। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ব্যাথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডাঃ মোঃ সাদ্দাম হোসেন তালুকদার এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পজিটি রেসপিরেটরি মেডিসিন) এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী) মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা। জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, এ্যাজমা, হাঁপানী, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ আজমিরা বেগম এমবিবিএস(ঢামেক),বিসিএস(স্বাস্থ্য) এম এস (গাইনী এন্ড অবস) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। বিএমডিসি রেজিঃ নং- এ-৫৫১৭০	স্ত্রী,প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডাঃ দ্বীন ইসলাম এমবিবিএস (সিইউ) ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল) স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ এন্ড পিআইসিইউ সহকারী অধ্যাপক মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবিঃ থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘন্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধ।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

কচুয়ায় চিকিৎসকদের

কচুয়া সরকারি হসপিটাল আর এম ডাক্তার জাহিদ হোসেন। অনুষ্ঠানে কচুয়া উপজেলার বিভিন্ন পর্যায়ের চিকিৎসক ও স্বাস্থ্যসংশ্লিষ্ট ব্যক্তিরা অংশগ্রহণ করেন।
সেমিনারে ডেঙ্গু জ্বরের লক্ষণ, রোগ নির্ণয়, চিকিৎসা ব্যবস্থাপনা, জটিলতা প্রতিরোধ এবং আধুনিক চিকিৎসাবিজ্ঞানের বিভিন্ন দিক নিয়ে বৈজ্ঞানিক আলোচনা করা হয়।
আলোচনায় ডেঙ্গু আক্রান্ত রোগীদের যথাযথ চিকিৎসা নিশ্চিত করা, রোগের প্রাথমিক লক্ষণ শনাক্ত করা এবং প্রয়োজন অনুযায়ী দ্রুত হাসপাতালে নেওয়ার ওপর গুরুত্বারোপ করা হয়। পাশাপাশি এডিস মশার প্রজননস্থল ধ্বংস, বাড়িঘর ও আশপাশের পরিবেশ পরিচ্ছন্ন রাখা এবং জনসচেতনতা বৃদ্ধির আহ্বান জানানো হয়।
সেমিনারে চিকিৎসকদের মধ্যে পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় ও চিকিৎসাসেবার মানোন্নয়নে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় উঠে আসে। আয়োজক প্রতিষ্ঠানের পক্ষ থেকে জানানো হয়, চিকিৎসকদের আধুনিক চিকিৎসাবিষয়ক জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ তৈরি করাই এ ধরনের বৈজ্ঞানিক সেমিনারের মূল উদ্দেশ্য। অনুষ্ঠান শেষে ডাক্তারদের মাঝে কুইজ প্রতিযোগিতা পুরস্কার বিতরণ ধর এর ব্যবহার নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয় এবং ডাক্তারদের মাঝে রাতের খাবার ও নাস্তা বিতরণ করা হয়।
সেমিনারে উপস্থিত চিকিৎসকরা এ ধরনের আয়োজনকে পেশাগত জ্ঞান অর্জন ও উন্নত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ উদ্যোগ হিসেবে উল্লেখ করেন।

শাহরাস্তিতে দ্বিতীয় চেড়িয়ারা

আর্থিক সহযোগিতা, মেধাবী শিক্ষার্থীদের উৎসাহ প্রদান এবং শিক্ষার পরিবেশ উন্নয়নে তাঁর ভূমিকা প্রতিষ্ঠানটির অগ্রযাত্রায় নতুন প্রত্যাশা তৈরি করেছে। ২০২৬ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় ৬৯ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৩ জন উত্তীর্ণ হয়ে প্রতিষ্ঠানটি ৬২ দশমিক ৩২ শতাংশ পাসের হার অর্জন করেছে। উপজেলার কলেজগুলোর মধ্যে পাসের হারে দ্বিতীয় অবস্থানে রয়েছে প্রতিষ্ঠানটি। তবে এ ফলাফলেই থেমে থাকতে চান না সংশ্লিষ্ট ব্যক্তিরা; তাঁদের প্রত্যাশা, আগামী দিনে শতভাগ পাসের পাশাপাশি শিক্ষার মানেও দৃশ্যমান অগ্রগতি আসবে।
?প্রতিষ্ঠানটির এই অগ্রযাত্রায় ইকবাল হোসেন ভূঁইয়ার পৃষ্ঠপোষকতার বিষয়টি বিশেষভাবে উল্লেখ করেছেন সাবেক অভিভাবক সদস্য মোহাম্মদ নুরুন্নবী রাউত। তাঁর ভাষ্য, কলেজের পরিচালনা ও উন্নয়নে সভাপতি দীর্ঘদিন ধরে ব্যক্তিগতভাবে আর্থিক সহযোগিতা দিয়ে আসছেন। শিক্ষার্থীদের পড়াশোনার খোঁজখবর নেওয়ার পাশাপাশি জিপিএ-৫ অর্জনকারী ও বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ভবিষ্যৎ শিক্ষাজীবনে উৎসাহিত করতেও তিনি সহযোগিতা করেন। শিক্ষার্থীদের মেধা ও সম্ভাবনাকে এগিয়ে নেওয়ার এ প্রচেষ্টা প্রতিষ্ঠানটির শিক্ষাবান্ধব পরিবেশ তৈরিতে ভূমিকা রাখছে।
?গত ৩১ অক্টোবর প্রকাশিত ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল বিশ্লেষণে দেখা যায়, বিজ্ঞান বিভাগে ২০ জন পরীক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছেন ৯ জন। ব্যবসায় শিক্ষা বিভাগে ৯ জনের মধ্যে ৭ জন এবং মানবিক বিভাগে ৪০ জনের মধ্যে ২৭ জন পাস করেছেন। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে এ গ্রেড পেয়েছেন ৩ জন, এ মাইনাস ১১ জন এবং বি গ্রেড পেয়েছেন ১১ জন।
?ফলাফলে সন্তোষ প্রকাশ করেছেন পরিচালনা পর্ষদের সভাপতি ইকবাল হোসেন ভূঁইয়া। তিনি পরিচালনা পর্ষদের সদস্য, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়েছেন। তাঁর মতে, সম্মিলিত প্রচেষ্টা, আন্তরিকতা ও দায়িত্বশীলতার মধ্য দিয়েই একটি শিক্ষাপ্রতিষ্ঠান এগিয়ে যেতে পারে। তবে সব পরীক্ষার্থী উত্তীর্ণ হলে তাঁর আনন্দ আরও পূর্ণতা পেত বলেও জানান তিনি।
?শিক্ষার বিস্তারে প্রতিষ্ঠানের বাইরেও সহযোগিতা :
?ইকবাল হোসেন ভূঁইয়ার শিক্ষাপ্রতিষ্ঠানে সহযোগিতার পরিধি চেড়িয়ারা কলেজের মধ্যেই সীমাবদ্ধ নয়। নুরুন্নবী রাউতের দেওয়া তথ্য অনুযায়ী, ২০২৬ সালের ১০ অক্টোবর একই ইউনিয়নের রাগৈ উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ ও প্রাক্তন শিক্ষার্থীদের মিলনমেলা অনুষ্ঠানে তিনি বিদ্যালয়টিকে তিন লাখ টাকা অনুদান দেন। তাঁর অবদানের স্বীকৃতিস্বরূপ বিদ্যালয় কর্তৃপক্ষ তাঁকে আজীবন দাতা সদস্য হিসেবে স্বীকৃতি দিয়েছে। এ ছাড়া রাগৈ ইসলামিয়া আলিম মাদ্রাসায়ও এক লাখ টাকা অনুদান দিয়েছেন তিনি।
?২০২৫ সালে চেড়িয়ারা উচ্চ বিদ্যালয় ও কলেজের একজন শিক্ষার্থী ট্যালেন্টপুলে ১২তম এবং আরেকজন সাধারণ গ্রেডে ১০১তম স্থান অর্জন করে বৃত্তি পেয়েছে। মেধাবী শিক্ষার্থীদের এমন সাফল্যে ইকবাল হোসেন আনন্দিত হন এবং তাঁদের পাশে থাকার চেষ্টা করেন বলে জানান নুরুন্নবী রাউত।
?সম্পদ রয়েছে, প্রয়োজন আধুনিকায়ন :
?প্রতিষ্ঠানটির সরবরাহ করা সম্পদ বিবরণী অনুযায়ী, কলেজে দুটি ডেস্কটপ কম্পিউটার, একটি ল্যাপটপ, একটি প্রিন্টার, একটি মোবাইল ফোন, ৯টি টেবিল, ২৭টি চেয়ার, তিনটি স্টিলের আলমারি, ১৯টি পাখা এবং ৩০ জোড়া কাঠের বেঞ্চ রয়েছে। এ ছাড়া তিন কক্ষবিশিষ্ট একটি টিনশেড ঘর রয়েছে। পুরোনো ভবন ও কলেজের অফিসকক্ষ মেরামতের তথ্যও বিবরণীতে উল্লেখ করা হয়েছে।
?তবে বর্তমান সময়ের শিক্ষাব্যবস্থার সঙ্গে তাল মিলিয়ে এগোতে এসব উপকরণের পাশাপাশি আরও আধুনিক শিক্ষা সরঞ্জাম, প্রযুক্তিনির্ভর শ্রেণিকক্ষ এবং প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়নের সুযোগ রয়েছে। শিক্ষার্থীদের পাঠদানে প্রযুক্তির ব্যবহার বাড়ানো এবং বিষয়ভিত্তিক দক্ষ শিক্ষকের মাধ্যমে পাঠদানের মান উন্নয়নও গুরুত্বপূর্ণ।
?ভর্তিতে বেড়েছে শিক্ষার্থীর সংখ্যা :
?কলেজ অধ্যক্ষের দেওয়া তথ্য অনুযায়ী, ২০২১-২২ শিক্ষাবর্ষে ১১৬ জন, ২০২২-২৩ শিক্ষাবর্ষে ৮৪ জন, ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ৮৪ জন, ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ১২৭ জন, ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ৯৬ জন এবং ২০২৬-২৭ শিক্ষাবর্ষে ১৪৪ জন শিক্ষার্থী ভর্তি হয়েছে। অর্থাৎ সর্বশেষ শিক্ষাবর্ষে ভর্তি বেড়ে ১৪৪ জনে দাঁড়িয়েছে। শিক্ষার্থী ভর্তির এ প্রবৃদ্ধি প্রতিষ্ঠানটির প্রতি নতুন করে আগ্রহ তৈরির একটি ইঙ্গিত দিচ্ছে।
?অন্যদিকে, নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় এক ব্যক্তির দাবি, কলেজ পরিচালনায় প্রতি মাসে প্রায় আড়াই লাখ টাকা ব্যয় হয়। শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা, শিক্ষা উপকরণ ও অন্যান্য প্রয়োজনীয় খাতে এ অর্থ ব্যয় করা হয় বলে তাঁর ভাষ্য। কলেজ কর্তৃপক্ষ জানিয়েছে, এসব ব্যয়ের হিসাব যথানিয়মে সংরক্ষণ করা হয়।
?লক্ষ্য শতভাগ পাস, সঙ্গে মানসম্মত শিক্ষা :
?একটি শিক্ষাপ্রতিষ্ঠানের সাফল্য কেবল পাসের হার কিংবা শিক্ষার্থীসংখ্যায় সীমাবদ্ধ নয়; শিক্ষার্থীরা কতটা জ্ঞান, দক্ষতা ও নৈতিকতা অর্জন করছে, সেটিও সমান গুরুত্বপূর্ণ। এ ক্ষেত্রে নিয়মিত পাঠদান, বিষয়ভিত্তিক দক্ষ শিক্ষক, শিক্ষার্থীদের ধারাবাহিক মূল্যায়ন, আধুনিক শিক্ষা উপকরণ এবং স্বচ্ছ আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করা প্রয়োজন। একই সঙ্গে পিছিয়ে পড়া শিক্ষার্থীদের জন্য বিশেষ পাঠদান ও নিয়মিত অভিভাবক যোগাযোগ ফলাফলের উন্নয়নে কার্যকর ভূমিকা রাখতে পারে।
?নুরুন্নবী রাউত আশা প্রকাশ করেন, ইকবাল হোসেন ভূঁইয়ার পৃষ্ঠপোষকতা ও সুদূরপ্রসারী পরিকল্পনায় একদিন চেড়িয়ারা উচ্চ বিদ্যালয় ও কলেজ উচ্চশিক্ষার একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে পরিণত হবে। ভবিষ্যতে প্রতিষ্ঠানটিকে একটি স্বতন্ত্র বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের স্বপ্নও দেখেন তিনি।
?৬২ দশমিক ৩২ শতাংশ পাসের হার থেকে শতভাগ পাসের লক্ষ্যে পৌঁছানোর পথ সহজ নয়। এ জন্য আর্থিক পৃষ্ঠপোষকতার পাশাপাশি প্রয়োজন পরিকল্পিত শিক্ষা কার্যক্রম, শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধি, শিক্ষার্থীদের নিয়মিত পরিচর্যা এবং অবকাঠামোগত আধুনিকায়ন। ইকবাল হোসেন ভূঁইয়ার সহযোগিতা, শিক্ষকদের আন্তরিকতা এবং শিক্ষার্থীদের অধ্যবসায় একসূত্রে মিললে চেড়িয়ারা কলেজের বর্তমান অর্জন ভবিষ্যতে আরও বড় সাফল্যের ভিত্তি হয়ে উঠতে পারে।

অসুস্থ আবু তাহের

পারিবারিক সূত্র জানায়, আবু তাহের ঢালী দীর্ঘদিন ধরে ঢাকায় কিডনি, হৃদ্রোগ, উচ্চ রক্তচাপ ও ডায়াবেটিসজনিত বিভিন্ন শারীরিক সমস্যার চিকিৎসা নিচ্ছেন। তাঁর চিকিৎসার ব্যয়ভার বহনে সহযোগিতা চেয়ে তিনি ও তাঁর পরিবারের পক্ষ থেকে ফাউন্ডেশনের কাছে আবেদন করা হয়। ওই আবেদনের পরিপ্রেক্ষিতে ফাউন্ডেশন তাঁর চিকিৎসায় আর্থিক সহায়তা প্রদান করেন।
উল্লেখ্য, গনি-আয়েশা ফাউন্ডেশন ২০১৭ সালে প্রতিষ্ঠার পর থেকে শিক্ষা, বয়স্ক , বিধবা ও প্রতিবন্ধী ভাতা এবং গৃহহীন, অসহায়, দুস্থ মানুষের পাশে দাঁড়ানোর পাশাপাশি অসুস্থ ব্যক্তিদের চিকিৎসা সহায়তা এবং প্রাথমিক বৃত্তি সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে মানবিক সহায়তা ও সামাজিক কর্মকাণ্ড পরিচালনা করে আসছে।

শাহরাস্তিতে কৃষিজমির টপসয়েল

নভেম্বর) সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত উপজেলার চিতোষী পূর্ব ইউনিয়নে গোপন সংবাদের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করা হয়।
উপজেলা প্রশাসন থেকে জানানো হয়, অনুমোদন ছাড়াই ড্রেজারের মাধ্যমে মাটি ও বালু উত্তোলনের মাধ্যমে কৃষিজমির টপ সয়েল অপসারণের অপরাধে আবুল কাশেমকে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইনের সংশ্লিষ্ট ধারায় এক লাখ টাকা অর্থদণ্ড দেওয়া হয়। তিনি মসতপাড়া গ্রামের বাসিন্দা।
উপজেলা নির্বাহী কর্মকর্তার নির্দেশনায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সামছুজ্জামান। তিনি বলেন, জনস্বার্থে এ ধরনের ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত থাকবে।
অভিযানে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিসের উপসহকারী ভূমি কর্মকর্তা, উপজেলা আনসার সদস্য ও গ্রাম পুলিশ সহযোগিতা করেন।

চাঁদপুরে পোস্টার লাগানোয়

দুপুরে শহরের শহিদ মুক্তিযোদ্ধা সড়কের হকার্স মার্কেট এলাকায় এ অভিযান চালানো হয়।
ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. মাসুদ রানা। রাতে বিষয়টি নিশ্চিত করে নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. মাসুদ রানা বলেন, দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন বাস্তবায়নে জেলা প্রশাসনের পক্ষ থেকে শহরে পোস্টার না লাগানোর বিষয়ে সতর্ক করে মাইকিং করা হয়েছে। যারা বিভিন্ন স্থানে পোস্টার লাগিয়েছেন, তাদেরও সতর্কও করা হয়েছে। এরই ধারাবাহিকতায় লোটো শোরুমকে অর্থদণ্ড দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, এর আগেও একই আইনে শহরের একাধিক কোচিং সেন্টার কর্তৃপক্ষকে অর্থদণ্ড দেওয়া হয়েছে। শহরের সৌন্দর্য ও নান্দনিকতা বজায় রাখতে যত্রতত্র পোস্টার না লাগানোর জন্য নাগরিকদের প্রতি আহ্বান জানিয়েছে জেলা প্রশাসন।

ফরিদগঞ্জে দুর্ঘটনায় অবসরপ্রাপ্ত

স্থানীয় সূত্রে জানা যায়, শংকর চন্দ্র শীল রূপসা উত্তর ইউনিয়নের গান্দেরগাঁও কালীগাছ তলা এলাকায় আয়োজিত হরিনাম সংকীর্তন শুনতে যাচ্ছিলেন। তিনি অটোরিকশা যোগে এসে নারকেল তলায় নেমে রাস্তা পার হচ্ছিলেন। এ সময় বিপরীত দিক থেকে আসা একটি বেপরোয়া গতির মোটরসাইকেল তাঁকে সজোরে ধাক্কা দেয়। ধাক্কায় তিনি সড়কে ছিটকে পড়ে মারাত্মকভাবে আহত হন। দুর্ঘটনার পর স্থানীয়রা তাকে রক্তাক্ত ও আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা প্রদান করেন। পরে শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নেওয়ার পথে পথিমধ্যে তাঁর মৃত্যু হয়। এই মর্মান্তিক দুর্ঘটনায় নিহত অবসরপ্রাপ্ত কর্মকর্তার পরিবার ও এলাকায় গভীর শোকের ছায়া নেমে এসেছে। খবর পেয়ে থানা পুলিশ দুর্ঘটনাস্থল সংক্রান্ত তথ্য সংগ্রহ করেছে।

হাজীগঞ্জ বাজার টাইলস্

ঘোষণা করে তিন সদস্য বিশিষ্ট নির্বাচন পরিচালনা কমিটি গঠন করা হয়।
একই সময়ে নির্বাচন পরিচালনা কমিটিকে সহযোগিতা করার লক্ষ্যে সমন্বয়ক হিসেবে সমিতির উপদেষ্টা সদস্য মো. আব্দুল কাদের কেবিএফ'র নাম ঘোষণা করা হয়। নবগঠিত নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক (প্রধান নির্বাচন কমিশনার) হলেন, সাংবাদিক মনিরুজ্জামান বাবলু, সদস্য সচিব ও হাজীগঞ্জ বাজার ব্যবসায়ী সমিতির দপ্তর সম্পাদক মোহাম্মদ হাবীব উল্যাহ্, সদস্য ও মা এন্টার প্রাইজের সত্ত্বাধীকারী মো. বিল্লাল হোসাইন পাটওয়ারী।
সভায় ভোটার তালিকা হালানাগাদ পূর্বক আগামি ১২ ডিসেম্বর, শনিবার ভোটগ্রহণের তারিখ নির্ধারণ করা হয়। সভায় বক্তব্য রাখেন, মো. কাউছার আলম, সিরাজ, মো. আব্দুল আউয়াল, মো. আতিকুর রহমান, মো. আসাদুজ্জামান রিয়াদ, মো. আবুল বাসার, সজল দেবনাথ, মো. শরিফ হোসাইন, মো. গোলাম কিবরীয়া, মো. সরওয়ার আরিফ, মো. আব্দুল মজিদ, মো. মাসুদ আলম, মো. আজাদ হোসেন, মো. সাইফুল ইসলাম, মো. আব্দুল কাদের প্রমুখ।
প্রসঙ্গত, এর আগে ২০২৩ সালের ১৬ সেপ্টেম্বর প্রথমবারের মতো প্রত্যক্ষ ভোটের মাধ্যমে হাজীগঞ্জ বাজার টাইলস্ ও স্যানেটারী ব্যবসায়ী সমিতির নির্বাচন অনুষ্ঠিত হয়। ওই নির্বাচনে সভাপতি, সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক, কোষাধ্যক্ষ, দপ্তর সম্পাদক, প্রচার সম্পাদক এবং ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক'সহ মোট ৭টি পদে প্রত্যক্ষ ভোটগ্রহণ করা হলেও এবারের নির্বাচনে ৯টি পদে সরাসরি নির্বাচন অনুষ্ঠিত হবে।
নতুন দুইটি পদের মধ্যে রয়েছে, সহ-সভাপতি ও সহ-সাধারণ সম্পাদক। বিষয়টি নিশ্চিত করে প্রধান নির্বাচন কমিশনার মো. মনিরুজ্জামান বাবলু বলেন, আশাকরি সকলের অংশগ্রহণ ও সার্বিক সহযোগিতায় একটি স্বচ্ছ ও নিরপেক্ষ ভোটগ্রহণের মাধ্যমে টাইল্স ও স্যানেটারী ব্যবসায়ী সমিতির নির্বাচন অনুষ্ঠিত হবে।

বিভ্রান্তি ও হয়রানি না করার

হননি। মো. মমিন বেপারী আরও উল্লেখ করেন, ভবিষ্যতেও রাজনীতির সঙ্গে সম্পৃক্ত হওয়ার কোনো আগ্রহ তাঁর নেই। তিনি একজন ব্যবসায়ী হিসেবে নিজের পেশাগত কর্মকাণ্ড নিয়েই থাকতে চান। তাঁর কোনো রাজনৈতিক সংশ্লিষ্টতা না থাকায় তাঁর বাসায় কোনো রাজনৈতিক দলের কর্মকাণ্ড পরিচালিত হওয়ার প্রশ্নই আসে না।
লিখিত বক্তব্যে তিনি তাঁকে ঘিরে কোনো ধরনের বিভ্রান্তি সৃষ্টি না করার পাশাপাশি কোনো রাজনৈতিক পরিচয়ে তাঁকে বিবেচনা না করার অনুরোধ জানান। একই সঙ্গে তাঁকে যেন কোনো ধরনের হয়রানির শিকার হতে না হয়, সে বিষয়েও সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন।

বক্তব্যের শেষাংশে তিনি নিজের রাজনৈতিক নিরপেক্ষ অবস্থান স্পষ্ট করে তাঁর স্বাভাবিক ব্যবসায়িক ও ব্যক্তিগত জীবন পরিচালনায় সহযোগিতা কামনা করেন।

চাঁদপুরে ছাত্রদল নেতাদের

ধরনের অপতৎপরতা প্রতিরোধে ছাত্রসমাজকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান।
চাঁদপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ইমাম হোসেন গাজী বলেন, আমার বিভিন্ন মাধ্যমে জানতে পেরেছি যে, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ এবং নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগ ফেইসবুকে দেশবিরোধী কর্মসূচি ঘোষণা করেছে।তারা গুপ্তভাবে রাতের আঁধারে ককটেল বিস্ফোরণ ঘটিয়ে জনমনে আতঙ্ক ছড়াচ্ছে। তাদের যে কোন নাশকতা প্রতিরোধে আমরা রাজপথে আছি। দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও গণতান্ত্রিক অগ্রযাত্রা রক্ষায় এদেশের ছাত্রসমাজ ঐক্যবদ্ধ রয়েছে।
তিনি আরো বলেন, চাঁদপুর জেলা বিএনপির অভিভাবক শেখ ফরিদ আহমেদ মানিক ভাইয়ের নির্দেশে আমরা ছাত্রদলের নেতাকর্মীরা রাজপথে আছি। শুধু শহরেই নয়, প্রতিটি জনবহুল এলাকায় ছাত্রদলের নেতাকর্মীরা অতন্দ্র প্রহরীর মতো সজাগ রয়েছে। কোন অবস্থাতেই আমরা পতিত স্বৈরাচার আওয়ামী লীগ এবং তাদের নিষিদ্ধ ছাত্রসংগঠনের কোন অপতৎপরতা চলাতে দিবো না। কেউ যদি দেশের শান্তি শৃঙ্খলা বিনষ্ট করতে চায়, তবে ছাত্রদলের নেতাকর্মীরা তাদের প্রতিহত করবে।
চাঁদপুর সদর উপজেলা ছাত্রদলের সভাপতি এবং জেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক জিসান আহমেদ বলেন, ছাত্রদল এদেশের গণমানুষের অধিকার আদায়ে দীর্ঘ ১৭ বছর লড়াই সংগ্রাম করেছে। স্বৈরাচার আওয়ামীগের পতন ঘটিয়ে বর্তমানে জনগণের ভোটে নির্বাচিত সরকার রাষ্ট্র ক্ষমতা রয়েছে। তাই দেশবিরোধী যেকোনো ষড়যন্ত্র ও অপতৎপরতার বিরুদ্ধে ছাত্রদল রাজপথে আছে এবং থাকবে।

চাঁদপুরে মামলা জটিলতায়

টাকার জেলেদের নৌকাগুলো যথাসময়ে আদালত থেকে জামিন নিতে না পারার কারণে উক্ত নৌকাগুলো নদীর পাড়ে পড়ে রয়েছে ।দীর্ঘদিন ব্যবহার না করার কারণে এই সমস্ত জেলেদের লক্ষ লক্ষ টাকার নৌকা নষ্ট হয়ে পড়ে রয়েছে।
জানা যায় যে সমস্ত জেলেরা বিভিন্ন সময় তাদের নৌকা সহ গ্রেফতার হয় তাদের বেশিরভাগই অশিক্ষিত। এই সমস্ত অশিক্ষিত জেলেদের আইন কানুন সম্বন্ধে তেমন কোন ধারনা থাকে না। যার ফলে গ্রেপ্তারকৃত জেলেরা কোনরকম মুক্তি পেলে ও ফের গ্রেপ্তারের ভয়ে আটককৃত নৌকার জন্য তারা আর থানায় যেতে আগ্রহী নন।
এই সমস্ত নানান জটিলতার কারণে জেলেরা আটককৃত নৌকাটি নষ্ট হয়ে গেল ও তারা আর ওই নৌকার জন্য থানায় এসে আবেদন করেন না। যার ফলে লক্ষ লক্ষ টাকার এই সমস্ত জব্দকৃত নৌকাগুলো মাসের পর মাস এবং বছর পর বছর একই স্থানে থাকার ফলে এবং ব্যবহার না করার কারণে নষ্ট হয়ে যায়।
এ ব্যাপারে কয়েকজন ভুক্তভোগী জেলে জানান আমাদেরকে আটক করার পর আদালত থেকে জামিনে বের করা হলেও আমাদের আটককৃত নৌকাটি সাথে সাথে দিয়ে দিলে আমরা আর ক্ষতিগ্রস্ত হবো না।
জানা যায় এই সমস্ত জেলেরা বেশিরভাগই গরিব ও অসহায়। বিভিন্ন সময় জেলেরা বিভিন্ন সমিতি থেকে লোন নিয়ে এবং ধারদেনা করে মাছ ধরার জন্য নৌকা তৈরি করে থাকেন। যখনই একটি অসহায় জেলের নৌকা আটক হয় এবং উক্ত নৌকাটি নিতে না পারে তখন তিনি হতাশ হয়ে পড়েন এবং অসহায় ভাবে জীবন যাপন করেন। কারণ একটি জেলের সম্বল শুধুমাত্র একটি নৌকা এবং একটি জাল। যখনই তারা জাল এবং নৌকা দুটি হারিয়ে ফেলে তখন তাদের স্বাভাবিক জীবন যাপন করা খুবই কঠিন হয়ে পড়ে।

দুর্নীতি ও হয়রানি ঠেকাতে

রোববার (৯ নভেম্বর) হাইমচর উপজেলার চরভৈরবী ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা। এ সময় তিনি অফিসে আসা সেবাপ্রার্থীদের সঙ্গে সরাসরি কথা বলেন এবং তারা ভূমিসেবা পেতে কোনো ধরনের হয়রানি বা অতিরিক্ত অর্থ প্রদানের শিকার হচ্ছেন কি না, সে বিষয়ে খোঁজখবর নেন।
উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, সিসি ক্যামেরার মাধ্যমে ইউনিয়ন ভূমি অফিসের কার্যক্রম পর্যবেক্ষণের পাশাপাশি সেবাপ্রার্থীদের সঙ্গে সরাসরি কথা বলার সুযোগও রাখা হয়েছে। এতে সেবার মান যাচাই, অনিয়ম শনাক্ত এবং দ্রুত সমস্যার সমাধান করা সহজ হবে।
অতিরিক্ত দায়িত্ব ভূমি অফিস ইউএনও মো. নজরুল ইসলাম জানান, সরকারি ভূমিসেবা মানুষের দোরগোড়ায় নির্বিঘ্নে পৌঁছে দেওয়া এবং দ্রুততম সময়ে সেবাসংক্রান্ত সমস্যার সমাধান ও কার্যক্রম তদারকির লক্ষ্যে এ উদ্যোগ নেওয়া হয়েছে। সরকারি নির্ধারিত ফির বাইরে কোনো সেবাপ্রার্থীকে যেন অতিরিক্ত অর্থ দিতে না হয়, তা নিশ্চিত করাই এ উদ্যোগের অন্যতম উদ্দেশ্য।
তিনি আরও জানান, স্বচ্ছ ও দুর্নীতিমুক্ত ভূমিসেবা নিশ্চিত করতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের সততা ও কর্মনিষ্ঠার পাশাপাশি জনগণের সচেতনতা এবং নিজের কাজ নিজে করার মানসিকতাও জরুরি। এ ক্ষেত্রে সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানান তিনি।
এদিকে উপজেলা প্রশাসন হাইমচরের সরকারি ফেসবুক আইডিতে দেওয়া এক পোস্টে এ তথ্য জানিয়ে স্বচ্ছ ও দুর্নীতিমুক্ত ভূমিসেবা নিশ্চিত করতে সর্বস্তরের মানুষের সহযোগিতা কামনা করা হয়েছে।
স্থানীয়দের মতে, সরকারি সেবায় স্বচ্ছতা নিশ্চিত করতে প্রযুক্তির এমন ব্যবহার ইতিবাচক উদ্যোগ। হাইমচর উপজেলা প্রশাসনের বিভিন্ন জনকল্যাণমূলক ও সামাজিক কর্মকাণ্ডের পাশাপাশি সাধারণ মানুষের কাছে সরকারি সেবা পৌঁছে দিতে নেওয়া উদ্যোগগুলোও প্রশংসিত হচ্ছে। নতুন এ ব্যবস্থার মাধ্যমে ইউনিয়ন ভূমি অফিসে সেবার মান বাড়বে এবং সাধারণ মানুষের ভোগান্তি কমবে–এমন প্রত্যাশা সংশ্লিষ্টদের।

জামায়াতের মেয়র প্রার্থী

আলী শিকদারের গোয়ালঘর ও পাশের একটি দোচালা ঘর পুড়ে যায়। এতে দুটি গর্ভবতী গরুসহ প্রায় পাঁচ লাখ টাকার মালামাল পুড়ে ছাই হয়ে যায়।
অগ্নিকাণ্ডে সর্বস্ব হারিয়ে পরিবারটি চরম অসহায় হয়ে পড়েছে। ক্ষতিগ্রস্ত পরিবারের দুর্দশার খবর পেয়ে তাৎক্ষণিকভাবে আর্থিক সহায়তা নিয়ে পাশে দাঁড়ান মেয়র প্রার্থী ইঞ্জিনিয়ার আব্দুল হাই শিকদার।
তাঁর এই মানবিক উদ্যোগকে স্বাগত জানিয়েছেন স্থানীয়রা। একই সঙ্গে ক্ষতিগ্রস্ত পরিবারটির পুনর্বাসনে সরকারি সহায়তা ও সমাজের বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন এলাকাবাসী।


জলাতঙ্ক প্রতিরোধে চাঁদপুরে

জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়িয়েছে। এ পরিস্থিতিতে জলাতঙ্ক প্রতিরোধ ও জনস্বাস্থ্য সুরক্ষায় বিশেষ উদ্যোগ নিয়েছে চাঁদপুর পৌরসভা। পৌরসভার সার্বিক ব্যবস্থাপনা ও তত্ত্বাবধানে এবং উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তরের সমন্বয়ে পাঁচ দিনে পৌর এলাকার ১৫টি ওয়ার্ডে ছয় শতাধিক কুকুরকে জলাতঙ্ক প্রতিরোধী র্যাবিসিন ভ্যাকসিন প্রদান করা হয়েছে।
গত ১ নভেম্বর থেকে ৫ নভেম্বর পর্যন্ত চাঁদপুর পৌরসভার, কালী বাড়ি, শপথ চত্বর, প্রেসক্লাব এলাকা, নতুন বাজার, পুরান বাজার, ছায়াবাণী, পালপাড়া, চিত্রলেখা, বাসস্ট্যান্ট, চেয়ারম্যান ঘাট, মিশন রোড,সহ পৌর এলাকার বিভিন্ন এলাকায় পাঁচ দিনব্যাপী এ কার্যক্রম পরিচালিত হয়। পৌর প্রশাসক দেবাশীষ চৌধুরীর নির্দেশনায় এবং পৌর নির্বাহী কর্মকর্তা নুর আজম বিন শরীফের তত্ত্বাবধানে এ কর্মসূচি বাস্তবায়ন করা হয়।
ভ্যাকসিন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পাঁচটি পৃথক টিম গঠন করা হয়। এসব টিমে উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তরের ভ্যাকসিনেটররা পৌরসভার ১৫টি ওয়ার্ডের বিভিন্ন এলাকায় গিয়ে কুকুরগুলোকে টিকা প্রদান করেন। এর আগে গত ১ নভেম্বর চাঁদপুর প্রেসক্লাবের আঙিনায় এ টিকাদান কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিক। পাঁচ দিনের এ বিশেষ কর্মসূচিতে ছয় শতাধিক কুকুরকে টিকার আওতায় আনা সম্ভব হয়েছে। সংশ্লিষ্টদের মতে, কুকুরের মাধ্যমে জলাতঙ্কের সংক্রমণ প্রতিরোধে পরিকল্পিত ও নিয়মিত টিকাদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ধরনের উদ্যোগের মাধ্যমে একদিকে যেমন কুকুরের মধ্যে জলাতঙ্কের সংক্রমণ প্রতিরোধ করা সম্ভব, অন্যদিকে মানুষের মধ্যে এ প্রাণঘাতী রোগ ছড়িয়ে পড়ার ঝুঁকিও কমানো যায়।

শিক্ষামন্ত্রী এহছানুল হক মিলনের

শিক্ষামন্ত্রী ড. আ. ন. ম. এহছানুল হক মিলন তাঁর জ্যেষ্ঠ ভ্রাতার আশু সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করে দেশবাসী তথা চাঁদপুর ও কচুয়াবাসীর কাছে বিনীত দোয়া প্রার্থনা করেছেন। মহান আল্লাহ তাআলা যেন তাঁকে দ্রুত পূর্ণ সুস্থতা দান করেন এজন্য তিনি সকলের কাছে দোয়ার আবেদন জানিয়েছেন।

Government of the People's Republic of Bangladesh
Local Government Engineering Department
Office of the Executive Engineer
District : Chandpur.
www.lged.gov.bd



Memo No. 46.02.1300.000.07.001.26-2150 Dated: 10/11/2026

e-Tender Notice Number: 32/2026-27

e-Tender is invited in the National e-GP System Portal (http://www.eprocure.gov.bd) for the procurement of following Tender ID & Schemes.

Tender ID No.	Name of Scheme	Tender Method	Document Selling Last Date & Time	Tender Openning Date
1366162	**Package No. LGED/GOBM/CDP/26-27/RW-39** Periodic Maintenance of Hazigonj-Palishara bazar road. from Ch 00m - Ch 4420m (Road ID 413492005) under Upazila: Haziganj, District: Chandpur	OTM	29-11-2026 4:00 PM	30-11-2026 1:00 PM
1366163	**Package No. LGED/GOBM/CDP/26-27/RW-40** Periodic Maintenance of Hazigonj RHD-Raghunathpur GC road. from Ch 805m - 2100m , Ch 3730m - 3880m and Ch 6500m - 10200m (Road ID 413492003) under Upazila: Haziganj, District: Chandpur	OTM	29-11-2026 4:00 PM	30-11-2026 1:00 PM

This is an online Tender, where only e-Tender will be accepted in the National e-GP portal and no offline/hard copies will be accepted. To submit e-Tender, registration in the National e-GP System Portal (http://www.eprocure.gov.bd) is required.
The fees for downloading the e-Tender Documents from the National e-GP System portal have to be deposited online through any registered Banks branchs. Further information and guidelines are available in the National e-GP System Portal and from e-GP helpdesk (helpdesk@eprocure.gov.bd) or Call Tel Phone: 0841-63375

(Md. Nuruzzaman)
Executive Engineer
LGED, Chandpur
(xen.chandpur@lged.gov.bd)
Phone: 0841-63375, 63826 (FAX)